# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 18, 1433 Bangla, June 01, 2026, Monday, No. 146, 56th year

# H I G H L I G H T S

Prime Minister and BNP Chairman Tarique Rahman has urged his party's leaders and activists to follow ideals of late President Ziaur Rahman to overcome country's difficult times. (R. Today: 12)

LGRD and Cooperatives Minister has commented that Shaheed President Ziaur Rahman and Bangladesh cannot be separated under any circumstances. (R. Today: 13)

Home Minister has said, law and order will be established in Sitakunda's Jangal Salimpur by dismantling criminal's hideouts without evicting residents. (Jago News: 08)

Dhaka South City Corporation has removed 36,086 tonnes of sacrificial animal wastes during three days of Eid-ul-Azha. (Jago News: 09)

Human Rights Culture Foundation reports that number of incidents of violence against women and children is 326 in May, including 78 rape cases. (Jago News: 09)

Two more children have died of measles-like symptoms in country, total death toll have risen to 585. (Jago News: 11)

A mobile court has fined Ad-din Medical College Hospital Tk 300,000 for various irregularities. (Jago News: 09)

BTRC has decided to issue SIM in special procedures for expatriates, deceased persons and disabled people. (R. Today: 14)

10 people including women and children have been arrested for illegally entering Darshana border in Chuadanga. (Jago News: 10)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**জ্যৈষ্ঠ ১৮, বাংলা ১৪৩৩, জুন ০১, ২০২৬, সোমবার, নং- ১৪৬, ৫৬তম বছর**

# শিরোনাম

দেশের কঠিন সময় মোকাবিলায় শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ অনুসরণ করতে দলের নেতাকর্মীদের প্রতি প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের আহ্বান । (রে. টুডেঃ ১২)

মহান স্বাধীনতার ঘোষক ও শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং বাংলাদেশকে কোনোভাবেই আলাদা করা সম্ভব নয় --- মন্তব্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রীর। (রে. টুডেঃ ১৩)

ঈদুল আজহার তিনদিনে ৩৬ হাজার ৮৬ টন কোরবানির পশুর বর্জ্য অপসারণ করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। (জাগো নিউজঃ ০৯)

স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরে বাসিন্দাদের উচ্ছেদ ছাড়াই সন্ত্রাসী আস্তানা নির্মূল করে আইন -শৃঙ্খলা প্রতিষ্ঠা করা হবে। (জাগো নিউজঃ ০৮)

গত মে মাসে ধর্ষণসহ নারী ও শিশু নির্যাতনের ঘটনা বেড়ে দাঁড়িয়েছে ৩২৬ জনে --- মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের প্রতিবেদন । (জাগো নিউজঃ ০৯)

দেশে হামের উপসর্গে আরও দুইজন শিশুর মৃত্যু, মোট মৃতের সংখ্যা বেড়ে ৫৮৫। (জাগো নিউজঃ ১১)

ভ্রাম্যমাণ আদালতের অভিযানে আদ-দ্বীন মেডিকেল কলেজ ও হাসপাতালকে ৩ লাখ টাকা জরিমানা। (জাগো নিউজঃ ০৯)

প্রবাসী, মৃত ব্যক্তি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বিশেষ পদ্ধতিতে সিম ইস্যুর সিদ্ধান্ত বিটিআরসির। (রে. টুডেঃ ১৪)

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে অবৈধভাবে অনুপ্রবেশের অভিযোগে নারী ও শিশুসহ ১০ জন আটক। (জাগো নিউজঃ ১০)

# বিবিসি

## জেলা পরিষদ থেকে আসিফ ১৫ ও হাসনাতের ১০ কোটি টাকা বরাদ্দ নিয়ে কী ঘটেছে?

বাংলাদেশের জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির দুইজন শীর্ষ নেতা কুমিল্লা জেলা পরিষদ থেকে ২৫ কোটি টাকা অর্থ বরাদ্দ নিয়েছিলেন বলে সেখানকার প্রশাসক বক্তব্য দেওয়ার পর এ নিয়ে নানা আলোচনা শুরু হয়েছে। মুরাদনগর এবং দেবিদ্বার উপজেলার জন্য অন্তর্বর্তী সরকারের সময়ে 'অস্বাভাবিকভাবে' জেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে এই অর্থ নেওয়া হয়েছে বলে অভিযোগ তুলেছেন পরিষদের বর্তমান প্রশাসক ও বিএনপি নেতা মো. মোস্তাক মিয়া। তবে এই বক্তব্যকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে অভিযোগ করেছেন এনসিপির দুই নেতা। সেইসময় অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসাবে দায়িত্বরত ছিলেন পরবর্তীতে এনসিপিতে যোগ দেওয়া আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। তিনি বর্তমানে দলটির মুখপাত্র। অন্যদিকে এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহ বর্তমানে সংসদ সদস্য হিসাবে নির্বাচিত হয়েছেন। তারা দুইজনেই শেখ হাসিনা বিরোধী আন্দোলনে নেতৃস্থানীয় ভূমিকায় ছিলেন। শনিবার কুমিল্লা শিল্পকলা একাডেমিতে সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে বিএনপি নেতা ও কুমিল্লা জেলা পরিষদের প্রশাসক মো. মোস্তাক মিয়া বলেন, ”আসিফ মাহমুদ, ১৫ কোটি টাকা নিয়ে গেছে আমাদের নিজস্ব রাজস্বের টাকা এবং আরেকজন হাসনাত আব্দুল্লাহও নিয়ে গেছে ১০ কোটি টাকা। তো এটা হলো সমন্বয়ের অবস্থা।„ মো. মোস্তাক মিয়া রোববার বিবিসি বাংলাকে বলেছেন, এনসিপির এই দুই নেতার উপজেলার জন্য বরাদ্দ আকারে এই অর্থ নেওয়া হয়েছে। শুধুমাত্র দুইটি উপজেলার জন্য এমন অর্থ বরাদ্দ অস্বাভাবিক বলে দাবি করেছেন জেলা পরিষদের প্রশাসক মি. মিয়া। বিবিসি বাংলাকে তিনি বলেন, ”আমরা মনে করি, এটা একটা অস্বাভাবিক বরাদ্দ। কারণ এডিপি থেকেই আনছে কিছু অংশ আর কিছু অংশ রাজস্ব তহবিলের। দুটো মিলেই পুরা টাকাটা ওদের এলাকার প্রকল্পের নামে নিয়েছে।„ এদিকে, এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া এমন অভিযোগ নাকচ করে দিয়েছেন। আসিফ মাহমুদ বলেন, ”উনি এটা ক্লিয়ারলি রাজনৈতিক উদ্দেশ্যে বলছেন। উনি তো আর কোনো সরকারি কর্মকর্তা বা সরকারের দায়িত্বশীল কেউ না। উনি বিএনপির নিয়োগকৃত একজন প্রশাসক।„ উল্লেখ্য, কুমিল্লা জেলা পরিষদের বর্তমান প্রশাসক মো. মোস্তাক মিয়া বিএনপির কুমিল্লা বিভাগের সহ-সাংগঠনিক সম্পাদক। অন্যদিকে এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহ বলছেন, ”রাজস্ব বরাদ্দ ও এডিপি বরাদ্দের পার্থক্য না বুঝে একজন দায়িত্বশীল ব্যক্তি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য। এসব অর্থ প্রকল্পে ব্যয় করা হয়েছে, ব্যক্তি হিসাবে তাদের কোনো সম্পর্ক নেই।

### কী বলেছেন জেলা পরিষদ প্রশাসক

বিএনপি ক্ষমতায় আসার পর কুমিল্লা জেলা পরিষদের প্রশাসক হিসেবে নিয়োগ পান বিএনপির কুমিল্লা বিভাগের সহ-সাংগঠনিক সম্পাদক মো. মোস্তাক মিয়া। তার দাবি, শুধুমাত্র দুইটি উপজেলার জন্য এমন বরাদ্দ অস্বাভাবিক। অন্যান্য উপজেলায় স্বাভাবিক যেমন : ১০ বা ২০ লাখ বরাদ্দ দেওয়া হয়েছে। মো. মোস্তাক মিয়া বিবিসি বাংলাকে বলেন, ”অবশ্যই অস্বাভাবিক বরাদ্দ, অন্যান্য উপজেলায়তো এভাবে দেয় নাই। হলে সব উপজেলায় কিছু কম-বেশি হতো, এরকম হতে পারতো। কিন্তু এটাতো একদম অস্বাভাবিক বরাদ্দ।„ ”আচ্ছা যাক, ওতো একজন উপদেষ্টা ছিল, সে কীভাবে আনছে, প্রভাব খাটাইছে কিন্তু আরেকজন তো উপদেষ্টা ছিল না বা গভর্নমেন্টের কিছুতেই ছিল না। তো ওরা কীভাবে নিতে পারে এতো টাকার বরাদ্দ,„ বলেন তিনি। এখানে ব্যক্তিগত টাকা নেওয়ার সুযোগ নেই বলে উল্লেখ করেন মি. মিয়া। তিনি বিবিসিকে বলেন, ”প্রকল্পের মাধ্যমে স্পেশাল বরাদ্দ নিয়ে ওর এলাকায় বরাদ্দ দিয়েছে, এটা তো এভাবে দিতে পারে না। একটা উপজেলায় এতো বরাদ্দ! আরেক উপজেলায় পাঁচ লাখ, দশ লাখ। বিষয়টা আমি এই কথাটাই বুঝাইতে চাইছি। এ ধরনের বৈষম্য তো হতে পারে না। এরকম অস্বাভাবিক বরাদ্দ আর কোথাও হয় নাই।„ কোন খাতে এই অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে এবং কীভাবে খরচ হয়েছে, সে বিষয়ে হিসাব আছে কি না জানতে চাইলে, সেটি জেলা পরিষদে তার দফতরে রয়েছে বলে জানান মি. মিয়া। কোন প্রকল্পে কত টাকা খরচ হয়েছে, সে বিষয়টি খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন মি. মিয়া।

### কী বলছেন আসিফ মাহমুদ ও হাসনাত আব্দুল্লাহ

অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা ও বর্তমানে এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বিবিসি বাংলাকে বলেন, ”উনি যে বলছেন, ১৫ বা ১০ কোটি টাকা এটা আসলে না, অনেক বাড়িয়ে বলছেন উনি। দেবিদ্বারের জন্য পাঁচ কোটি এবং মুরাদনগরের জন্য পাঁচ বা ছয় কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।„ যে-সব এই বরাদ্দের কথা বলা হচ্ছে, সেই সময় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্বে ছিলেন আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। তিনি জানান, স্থানীয় সরকার উপদেষ্টা থাকার সময়ে স্থানীয় সরকার বিভাগের একটি বিশেষ বরাদ্দ খাত থেকে আবেদনের প্রেক্ষিতে জেলা পরিষদ, উপজেলা পরিষদ, সিটি করপোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ- এই পাঁচ খাতের মসজিদ, মন্দির, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন প্রতিষ্ঠানের কাজের জন্য ৫০০ কোটি টাকার বরাদ্দ দেওয়া হয়। এডিপির বরাদ্দকৃত অর্থ বেশকিছু ছোটো ছোটো প্রকল্পের জন্য দেওয়া হয় এবং রাজস্ব বাজেট নয়, বরং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের বিশেষ বরাদ্দ তহবিল থেকে ওই অর্থ বরাদ্দ দেওয়া হয়েছিল বলে জানান সাবেক এই উপদেষ্টা। তিন লাখ থেকে পাঁচ লাখ

টাকার প্রকল্পের কোন খাতে, কত কোটি টাকা খরচ হয়েছে, সেগুলোর নথিও রয়েছে বলে জানান তিনি। মি. মাহমুদ বলেন, "এ ধরনের মিথ্যা কথা, বানোয়াট কথা এবং রাজনৈতিকভাবে প্রতিপক্ষকে হেয় প্রতিপন্ন করার জন্য মিথ্যাচার ব্যবহার করছেন তারা।„ এদিকে, দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ ফেসবুকে দেওয়া একটি পোস্টে দাবি করেছেন, এসব অভিযোগ আনার পর প্রশাসক মোস্তাক মিয়ার সাথে তিনি মোবাইলে যোগাযোগ করেছেন। সেসময় তিনি বক্তব্য পরিবর্তন করেছেন বলে ফেসবুকে লিখেছেন মি. আব্দুল্লাহ। এ সংক্রান্ত একটি অডিও কথোপকথন সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের ভেরিফায়েড পেইজেও দিয়েছেন তিনি।

ফেসবুক পোস্টে হাসনাত আব্দুল্লাহ দাবি করেছেন, এই বরাদ্দ জেলা পরিষদের রাজস্ব খাত থেকে দেওয়া হয়নি। অন্যান্য উপজেলার মতো দেবিদ্বারেও বরাদ্দ দেওয়া হয়েছে স্থানীয় সরকার বিভাগের এডিপি প্রকল্পের মাধ্যমে, যা জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়িত হয়েছে। "দেবিদ্বারের জন্য বরাদ্দ ছিল ৫ কোটি টাকা। জেলা পরিষদের রাজস্ব খাতের সঙ্গে এর কোনো সম্পৃক্ততাই নেই। সুতরাং এটিকে রাজস্ব খাতের অর্থ বলে দাবি করা স্পষ্ট মিথ্যাচার,„ লিখেছেন হাসনাত আব্দুল্লাহ। হাসনাত আব্দুল্লাহ তার ফেসবুক পাতায় লিখেছেন, "তিনি বলেছেন, টাকা আমরা নিয়েছি। অথচ এই অর্থ মোট ৪২টি প্রকল্পে ব্যয় করা হয়েছে। ব্যক্তি হিসেবে আমাদের সঙ্গে এই অর্থের কোনো সম্পর্কই নেই। জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের মাধ্যমে বিভিন্ন খাতে এই অর্থ ব্যয় করা হয়েছে।„ রাজস্ব বরাদ্দ ও এডিপি বরাদ্দের পার্থক্য না বুঝে একজন দায়িত্বশীল ব্যক্তি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য দিয়েছেন বলে অভিযোগ করেন হাসনাত আব্দুল্লাহ। ওই ফেসবুক পোস্টে তিনি আরো লিখেছেন, "জেলা পরিষদ থেকে উপজেলার জন্য বরাদ্দ দেওয়া কোনো অস্বাভাবিক বিষয় নয়। প্রতি বছরই বাজেটের আওতায় এ ধরনের বরাদ্দ দেওয়া হয়। দেবিদ্বার উপজেলার জন্য দেওয়া বরাদ্দও উপজেলা প্রশাসনের মাধ্যমে ব্যয় হয়েছে। সেই ব্যয়ের প্রতিটি টাকার হিসাব সরকারি নথিতে সংরক্ষিত রয়েছে।„ মি. আব্দুল্লাহ কোন কোন খাতে তা ব্যয় করা হয়েছে, সেটির তালিকাও নিজের পোস্টের নিচে সংযুক্ত করে দিয়েছেন। এই অডিওর বিষয়ে বিবিসি বাংলা জানতে চাইলে কুমিল্লা জেলা পরিষদের প্রশাসক মো. মোস্তাক মিয়া বলেন, "তারা নিজেদের পছন্দ অনুযায়ী, কাটপিস করে প্রচার করেছে, কিন্তু ওইখানে অনেক কথাই ছিল। ওর সুবিধামত জায়গায়...অন্যায় করেছে স্যোশাল মিডিয়ায় দিয়ে, ওয়ান টু ওয়ান কথা হয়েছে, এটা তো দিতে পারে না।„

**দুই উপজেলার অর্থ বরাদ্দ নিয়ে ঠিক কী ঘটেছিল?**

কুমিল্লার মুরাদনগর ও দেবিদ্বার উপজেলায় ২০২৪-২৫ অর্থবছরের যে সময়ে টাকা বরাদ্দ দেওয়ার অভিযোগ উঠেছে, সেসময় সেখানকার জেলা প্রশাসক এবং জেলা পরিষদের প্রশাসক হিসেবে দায়িত্বে ছিলেন মো. আমিরুল কায়সার। ২০২৫ সালের নভেম্বর পর্যন্ত মি. কায়সার কুমিল্লায় কর্মরত ছিলেন। এই কর্মকর্তা জানান, জেলা পরিষদের মাধ্যমে যে প্রকল্পগুলো বাস্তবায়ন করা হয়, সেগুলো দুইটি তহবিলের মাধ্যমে করা হয়। এর মধ্যে একটি রেভিনিউ বাজেট অর্থাৎ জেলা পরিষদের নিজস্ব আয়ের বাজেট বা রাজস্ব তহবিল। আরেকটি সারা বাংলাদেশের সকল জেলা পরিষদে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের দেওয়া বিশেষ বরাদ্দ বা এডিপি তহবিল। মি. কায়সার জানান, ২০২৪ সালের আগস্টের পরে জেলা পরিষদ ভেঙে যাওয়ায়, তখন জেলা পর্যায়ের কিছু কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাদের মাধ্যমে ওই জেলা পরিষদ কমিটি গঠন করা হয়েছিল। ওই কমিটির সদস্যরা মাসিক একটি সভায় সকল উপজেলার সব আবেদন যাচাই-বাছাই করে প্রকল্প অনুযায়ী অর্থ বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত নেয়। জেলা পরিষদের ওই সভায়, মুরাদনগর উপজেলার ২৪টি এবং দেবিদ্বার উপজেলার ৪২টি প্রকল্পে পাঁচ কোটি টাকা করে বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত হয়েছিল। কুমিল্লার বর্তমান প্রশাসক ১০ বা ১৫ কোটি টাকা বরাদ্দের যে বক্তব্য দিয়েছেন, সেটি সঠিক নয় বলে দাবি করেন সে সময়কার প্রশাসক মি. কায়সার। মি. কায়সার বিবিসি বাংলাকে বলেন, "এই ফিগারটা সম্ভবত ১০ বা ১৫ কোটি না, আমি এক্সেক্টলি বলতে পারবো না। তবে পাঁচ কোটি করে... এটা হলো বিশেষ এডিপি, যেটা লোকাল গভর্নমেন্ট মিনিস্ট্রি জেলা পরিষদের মাধ্যমে ওই দুইটা উপজেলা ছাড়াও অন্য উপজেলাতে দিয়েছিল এবং বাংলাদেশের অনেক জেলাতেই দিয়েছে।„ মুরাদনগর, দেবিদ্বার ছাড়াও সদর উপজেলাতেও দুই অর্থবছরে পাঁচ কোটি টাকা করে এডিপির বিশেষ বরাদ্দ দেওয়া হয়েছিল বলে জানান তিনি। যখন এই বরাদ্দ দেওয়া হয়েছে, সেই সময় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসাবে দায়িত্বরত ছিলেন আসিফ মাহমুদ।

২০২৫ সালের ২৫ সেপ্টেম্বর দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত একটি প্রতিবেদনে বলা হয়, কুমিল্লার সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ২৪০০ কোটি টাকার প্রকল্প নিচ্ছে, তার মধ্যে আসিফ মাহমুদের নিজ উপজেলা মুরাদ নগরে ৪৫৩ কোটি আর হাসনাত আব্দুল্লাহর উপজেলা দেবীদ্বারে ৩৩৬ কোটি টাকা বরাদ্দ রাখা হচ্ছে। বিবিসি বাংলাকে মো. আমিরুল কায়সার জানান, জেলা পরিষদের কমিটি প্রকল্প যাচাই-বাছাই করার পর, সেটি স্থানীয় সরকার মন্ত্রণালয় অনুমোদন করে। পরে ইজিপি বা ইলেক্ট্রনিক গভর্নমেন্ট পারচেজের মাধ্যমে টেন্ডার করা হয়। পরে ঠিকাদার প্রকল্পের কাজ শুরু করতে পারে। নীতিমালা অনুযায়ী, স্থানীয় সরকার মন্ত্রণালয় যেখানে প্রয়োজন সে জেলায়, বছরের যে-কোনো সময় বিশেষ থোক বরাদ্দ বা এডিপি দিতে পারে বলে জানান মি. কায়সার।

তবে, জেলা পরিষদের নীতিমালা অনুযায়ী, কোথায়, কোন প্রকল্পে অর্থ ব্যয় করা হবে, সুনির্দিষ্টভাবে সেটির হিসাব থাকতে হবে। প্রতিটি প্রকল্পের একটি করে ফাইল জেলা পরিষদে থাকে বলে জানান মি. কায়সার। অন্য উপজেলার চেয়ে শুধু ওই দুইটি উপজেলাতেই কেন বেশি অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে, এমন প্রশ্নে মি. কায়সার দাবি করেন, প্রায়োরিটি অনুযায়ী কুমিল্লার সব উপজেলাতেই অর্থ বরাদ্দ দেওয়া হয়েছিল। মি. কায়সার বলেন, "প্রতিবছর কুমিল্লা জেলা পরিষদে অন এন এরাউন্ড ৪০ থেকে ৫০ কোটি টাকা করে রাজস্ব এবং এডিপি মিলিয়ে প্রকল্প বাস্তবায়ন করা হয়। প্রায়োরিটি অনুযায়ী আবেদন বাছাই করে ১৭টি উপজেলাতেই কুমিল্লাতে প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।„ একইসঙ্গে, প্রকল্প বাস্তবায়ন শেষ হওয়ার পরের তথ্যও ছবিসহ ফাইলে রাখা হয় বলে জানান মি. কায়সার।

(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৫.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### সাম্প্রতিক সময়ে নতুন করে আলোচনায় উঠে এসেছে ভারত বাংলাদেশ সম্পর্ক

সাম্প্রতিক সময়ে বাংলাদেশের রাজনৈতিক পরিবর্তন, ভারতের অভ্যন্তরীণ রাজনৈতিক সমীকরণ, চীনকে ঘিরে আঞ্চলিক প্রতিযোগিতা এবং সীমান্ত নিরাপত্তা ইস্যু আবারও দুই দেশের সম্পর্ককে নতুনভাবে আলোচনায় নিয়ে এসেছে। এই প্রেক্ষাপটে বাংলাদেশে ভারতের সাবেক হাইকমিশনার ও অভিজ্ঞ কূটনীতিক পঙ্কজ সরণের বক্তব্য বিশেষ তাৎপর্য বহন করে। কারণ তিনি শুধু একজন সাবেক কূটনীতিক নন, বরং দিল্লির নীতি-নির্ধারণী মহলের একটি গুরুত্বপূর্ণ কণ্ঠস্বর। তার বক্তব্যে একদিকে যেমন ভারতের কৌশলগত উদ্‌বেগের ইঙ্গিত রয়েছে, অন্যদিকে তেমনি বাংলাদেশের সার্বভৌম সিদ্ধান্তকে স্বীকৃতি দেওয়ার বাস্তববাদী অবস্থানও স্পষ্ট হয়েছে। পঙ্কজ স্মরণ স্পষ্ট ভাষায় বলেছেন, বাংলাদেশ যদি চীনের সহযোগিতায় তিস্তা নদীতে ব্যারেজ নির্মাণ করতে চায়, সেটি বাংলাদেশের নিজস্ব সিদ্ধান্ত এবং ভারত বাংলাদেশেকে থামাতে পারে না। ভারত শুধু উদ্বেগ প্রকাশ করতে পারে, কারণ তিস্তা একটি অভিন্ন নদী। দক্ষিণ এশিয়ার কূটনৈতিক বাস্তবতায় এই বক্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ বহু বছর ধরে ভারতের অভ্যন্তরে এমন একটি ধারণা ছিল যে, বাংলাদেশে বড়ো ধরনের অবকাঠামো, বন্দর বা কৌশলগত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে দিল্লির সম্মতি বা আপত্তি একটি নির্ধারক বিষয়। বিশেষ করে চীনের সম্পৃক্ততা থাকলে ভারত সাধারণত বিষয়টিকে নিরাপত্তা দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে। কিন্তু পঙ্কজ সরণ-এর বক্তব্যে একটি বাস্তব স্বীকারোক্তি উঠে এসেছে।

বাংলাদেশ এখন আর আগের অবস্থানে নেই। তার নিজস্ব কৌশলগত সক্ষমতা ও বহুমাত্রিক কূটনৈতিক বিকল্প তৈরি হয়েছে। তিস্তা প্রকল্পকে ঘিরে ভারতীয় উদ্‌বেগের পেছনে কয়েকটি বাস্তব কারণ রয়েছে। প্রথমত, তিস্তা নদী উত্তরবঙ্গের কৃষি ও জীবিকার সঙ্গে জড়িত। বাংলাদেশ দীর্ঘদিন ধরে শুষ্ক মৌসুমে পানির ন্যায্য হিস্যার জন্য দাবি জানিয়ে আসছে। কিন্তু পশ্চিমবঙ্গের আপত্তির কারণে তিস্তা চুক্তি আজও বাস্তবায়িত হয়নি। দ্বিতীয়ত, চীনের অর্থায়ন ও প্রযুক্তিগত সম্পৃক্ততা ভারতের নিরাপত্তা বিশ্লেষকদের কাছে একটি ভূ-রাজনৈতিক প্রশ্ন। দিল্লির দৃষ্টিতে চীন শুধু একটি উন্নয়ন অংশীদার নয়, বরং দক্ষিণ এশিয়ায় প্রভাব বিস্তারের প্রতিদ্বন্দ্বী শক্তি। তাই তিস্তা ব্যারেজ প্রকল্পকে ভারত শুধু পানি ব্যবস্থাপনার প্রকল্প হিসেবে নয়, বরং বৃহত্তর কৌশলগত প্রতিযোগিতার অংশ হিসেবেও দেখে। তবে পঙ্কজ স্মরণ-এর বক্তব্যে যে বাস্তববাদ ফুটে উঠেছে, তা হলো- বাংলাদেশকে চাপ দিয়ে থামানোর যুগ শেষ হয়ে আসছে। গত এক দশকে বাংলাদেশ তার অর্থনৈতিক প্রবৃদ্ধি, অবকাঠামোগত উন্নয়ন ও বহুমুখী বৈদেশিক সম্পর্কের মাধ্যমে নিজেকে আঞ্চলিকভাবে অনেক বেশি আত্মবিশ্বাসী রাষ্ট্রে পরিণত করেছে। বাংলাদেশ এখন চীন, ভারত, জাপান, যুক্তরাষ্ট্র, তুরস্ক কিংবা মধ্যপ্রাচ্যের দেশগুলোর সঙ্গে একযোগে সম্পর্ক বজায় রাখার কৌশল অনুসরণ করছে। এই মাল্টি অ্যালাইনমেন্ট নীতির কারণে কোনো একক শক্তির প্রভাব এখন আর নিরঙ্কুশ নয়। পশ্চিমবঙ্গে বিজেপির ক্ষমতায় আসা নিয়ে পঙ্কজ সরণ-এর মন্তব্য গুরুত্বপূর্ণ। তিনি মনে করেন, ভারতের কেন্দ্র পশ্চিমবঙ্গ রাজ্যে একই রাজনৈতিক দলের সরকার থাকলে বাংলাদেশ-ভারত সম্পর্কের কিছু জটিল ইস্যু সহজ হতে পারে। বাস্তবে ভারতের ফেডারেল কাঠামোতে রাজ্যগুলোর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে অভিন্ন নদী, সীমান্ত বাণিজ্য ও আঞ্চলিক যোগাযোগের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের অবস্থান দিল্লি নীতিকে প্রভাবিত করে। তিস্তা চুক্তি দীর্ঘদিন আটকে থাকার পেছনে পশ্চিমবঙ্গের আপত্তিই প্রধান কারণ ছিল। তাই দিল্লিতে অনেকেই মনে করেন, যদি কেন্দ্র ও রাজ্যে একই রাজনৈতিক শক্তি ক্ষমতায় থাকে, তাহলে নীতিগত সমন্বয় সহজ হবে।

তবে এখানে আরেকটি বাস্তবতা রয়েছে। পশ্চিমবঙ্গের রাজনীতি অত্যন্ত সংবেদনশীল এবং বাংলাদেশ প্রশ্নে সেখানে স্থানীয় আবেগ, সীমান্ত অর্থনীতি ও অভিবাসন রাজনীতি বড়ো ভূমিকা রাখে। বিজেপি পশ্চিমবঙ্গে ক্ষমতায় এলেও, তারা স্থানীয় রাজনৈতিক বাস্তবতা উপেক্ষা করতে পারবে না। ফলে তিস্তা বা সীমান্ত ইস্যুতে দ্রুত সমাধান হবে এমন নিশ্চয়তা নেই। বরং অনেক ক্ষেত্রে জাতীয় নিরাপত্তা ও অভ্যন্তরীণ রাজনীতির কারণে কড়াকড়ি আরো বাড়তে পারে। গঙ্গা পানি বণ্টন চুক্তি প্রসঙ্গেও পংকজ সরণ-এর বক্তব্য তাৎপর্যপূর্ণ। ৩০ বছর মেয়াদি এই চুক্তির মেয়াদ শেষ হতে যাচ্ছে। তিনি বলেছেন, নতুন আলোচনায় পানি প্রবাহের তথ্য-উপাত্তের ভিত্তি বছর পরিবর্তনের প্রস্তাব আসতে পারে। এর অর্থ হলো- ভারত হয়ত নতুন হাইড্রোলোজিক্যাল বাস্তবতার যুক্তি তুলে ধরে পানি বণ্টনের অনুপাত পুনর্বিবেচনার

চেষ্টা করতে পারে। জলবায়ু পরিবর্তন, হিমালয়ের বরফ গলা, মৌসুমী বৃষ্টিপাতের পরিবর্তন এবং উজানে পানি প্রত্যাহারের কারণে দক্ষিণ এশিয়ার নদীগুলোর প্রবাহে বড়ো ধরনের পরিবর্তন এসেছে। ভারত এই পরিবর্তনকে আলোচনার অংশ করতে চাইবে। কিন্তু বাংলাদেশের জন্য এটি হবে অত্যন্ত স্পর্শকাতর একটি প্রশ্ন। কারণ শুকনো মৌসুমে পানির ঘাটতি বাংলাদেশের কৃষি, নৌপরিবহণ ও পরিবেশের উপর সরাসরি প্রভাব ফেলে। সীমান্ত পরিস্থিতি নিয়ে পঙ্কজ সরণ যে মন্তব্য করেছেন, সেটিও বাস্তবতার কাছাকাছি। বাংলাদেশ-ভারত সীমান্ত পৃথিবীর অন্যতম জটিল সীমান্ত। এখানে বৈধ বাণিজ্যের পাশাপাশি বিশাল অনানুষ্ঠানিক অর্থনীতি গড়ে উঠেছে। গরু, মাদক, স্বর্ণ, অস্ত্র ও মানবপাচার, সবকিছু মিলিয়ে সীমান্ত একটি বহুস্তরীয় নিরাপত্তা সংকটে পরিণত হয়েছে। এই পরিস্থিতিতে সীমান্তে সহিংসতা, গুলি ও হতাহতের ঘটনা প্রায়ই ঘটে। পঙ্কজ সরণ বলেছেন, সমস্যার সমাধান দুই দেশের কর্তৃপক্ষের হাতেই রয়েছে এবং উন্নত সীমান্ত ব্যবস্থাপনা প্রয়োজন। এটি মূলত একটি বাস্তববাদী স্বীকারোক্তি যে, শুধুমাত্র কড়া নিরাপত্তা ব্যবস্থা দিয়ে সীমান্ত সমস্যার সমাধান করা সম্ভব নয়।

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের বাংলাদেশের দীর্ঘদিন ধরে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ হয়েছে। অন্যদিকে ভারত অভিযোগ করে যে, সীমান্ত দিয়ে অবৈধ অনুপ্রবেশ, চোরাচালান ও জঙ্গি চলাচল হয়। এই পারস্পরিক অবিশ্বাস সীমান্ত পরিস্থিতিকে আরো জটিল করে তোলে। পংকজ সরণ-এর বক্তব্যে সীমান্তরক্ষী বাহিনীগুলোর মধ্যে সুসম্পর্ক ও যোগাযোগ বৃদ্ধি উপর জোর দেওয়া হয়েছে, যা কূটনৈতিক দৃষ্টিকোণ থেকে একটি ইতিবাচক বার্তা। মিয়ানমারের অস্থিতিশীলতা ও আঞ্চলিক নিরাপত্তা প্রসঙ্গে তার মন্তব্য গুরুত্বপূর্ণ। মিয়ানমারের চলমান সংঘাত শুধু দৃষ্টির অভ্যন্তরীণ সমস্যার নয়, এটি পুরো অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতিকে প্রভাবিত করছে। রোহিঙ্গা সংকট, সীমান্তে সশস্ত্র গোষ্ঠীর সক্রিয়তা, মাদক ও অস্ত্র পাচার সবকিছু বাংলাদেশ ও ভারতের জন্য উদ্‌বেগের বিষয়। দিল্লি এখন বুঝতে পারছে যে, বাংলাদেশকে পাশ কাটিয়ে আঞ্চলিক নিরাপত্তা কাঠামো গড়ে তোলা সম্ভব নয়। একইভাবে বাংলাদেশও উপলব্ধি করেছে, মিয়ানমারের সাথে ভারতের সহযোগিতা ছাড়া দীর্ঘমেয়াদি সমাধান কঠিন। গোয়েন্দা সহযোগিতা নিয়ে পঙ্কজ সরণ-এর বক্তব্যে ভারতীয় অবস্থানের একটি প্রতিরক্ষামূলক দিক দেখা যায়। তিনি বলেছেন, বিভিন্ন দেশের গোয়েন্দা সংস্থার মধ্যে সহযোগিতা একটি স্বাভাবিক বিষয় এবং বাংলাদেশ-ভারত গোয়েন্দা তৎপরতা নিয়ে অপপ্রচার মূলত ভারতবিরোধী গোষ্ঠীর কাজ। বাস্তবে বাংলাদেশ ও ভারতের মধ্যে গত এক দশকে নিরাপত্তা সহযোগিতা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। বিচ্ছিন্নতাবাদ, জঙ্গিবাদ ও আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদ মোকাবিলায় দুই দেশ একে অপরকে তথ্য সহায়তা দিয়েছে। তবে বাংলাদেশের ভেতরে একটি অংশের মধ্যে এই ধারণা রয়েছে যে, ভারত বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতে অতিরিক্ত প্রভাব বিস্তার করতে চায়। ফলে গোয়েন্দা সহযোগিতার প্রশ্নটি প্রায় রাজনৈতিক বিতর্কে পরিণত হয়।

বাংলাদেশের নতুন রাজনৈতিক বাস্তবতা নিয়েও পংকজ সরণ-এর বক্তব্য কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ। তিনি উল্লেখ করেছেন যে, নির্বাচনে জয়ের পরপরই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দ্রুত অভিনন্দন জানিয়েছেন এবং যোগাযোগ করেছেন। এর মাধ্যমে দিল্লি মূলত একটি বার্তা দিতে চেয়েছে, ভারত বাংলাদেশের যে-কোনো নির্বাচিত সরকারের সঙ্গে কাজ করতে প্রস্তুত। এটি ভারতের দীর্ঘমেয়াদি কূটনৈতিক স্বার্থের অংশ। দিলি বুঝতে পেরেছে যে, বাংলাদেশের রাজনৈতিক পরিবর্তন হলেও, সম্পর্কের ধারাবাহিকতা বজায় রাখা জরুরি। ভারতের জ্যেষ্ঠ রাজনীতিবিদ দিনেশ ত্রীবেদিকে বাংলাদেশের বাংলাদেশের হাইকমিশনার হিসেবে নিয়োগ দেওয়ার বিষয়টিও তাৎপর্যপূর্ণ। একজন ক্যারিয়ার কূটনীতিকের পরিবর্তে রাজনৈতিকভাবে অভিজ্ঞঞ ব্যক্তিকে পাঠানো থেকে বোঝা যায়, দিল্লির ঢাকা সফরকে কেবল আমলাতান্ত্রিক পর্যায়ের নয় বরং রাজনৈতিক ও কৌশলগত পর্যায়ে আরো গুরুত্ব দিচ্ছে। এটি এমন এক সময় ঘটছে, যখন বাংলাদেশ দক্ষিণ এশিয়ার ভূ-রাজনীতিতে আরো গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

শেখ হাসিনার ভারতে অবস্থান নিয়ে পংকজ সরণ-এর মন্তব্য কূটনৈতিক ভারসাম্যপূর্ণ। তিনি বিষয়টিকে রাজনৈতিক ও আইনি, দুই দিক থেকে দেখার কথা বলেছেন। বাস্তবে এই ইস্যু ভারত-বাংলাদেশ সম্পর্কে অত্যন্ত সংবেদনশীল হয়ে উঠতে পারে। দিল্লি একদিকে মানবিক ও রাজনৈতিক আশ্রয়ের ঐতিহ্য বজায় রাখতে চায়, অন্যদিকে বাংলাদেশের বর্তমান সরকারের সঙ্গেও সম্পর্ক নষ্ট করতে চায় না। ফলে ভারত সম্ভবত বিষয়টিকে দীর্ঘসূত্রতার মাধ্যমে পরিচালনা করতে চাইবে। সব মিলিয়ে পংকজ সরণ-এর বক্তব্য থেকে যে বড়ো চিত্রটি ফুটে উঠে, তা হলো বাংলাদেশ ও ভারতের সম্পর্ক এখন এক নতুন বাস্তবতায় প্রবেশ করেছে। এখানে একদিকে রয়েছে সহযোগিতা, পারস্পরিক নির্ভরতা ও নিরাপত্তা সমন্বয়। অন্যদিকে রয়েছে প্রতিযোগিতা, সন্দেহ ও ভূ-রাজনৈতিক চাপ। বাংলাদেশ এখন আর শুধু ভারতের প্রভাব বলয়ের একটি ছোটো রাষ্ট্র নয় বরং নিজস্ব কৌশলগত অবস্থান গড়ে তোলার চেষ্টা করছে। আর ভারতও ধীরে ধীরে উপলব্ধি করছে যে, বাংলাদেশকে নির্দেশ দিয়ে নয় বরং অংশীদার হিসেবে বিবেচনা করেই সম্পর্ক এগিয়ে নিতে হবে। তিস্তা ব্যারেজ নিয়ে ভারত বাংলাদেশকে থামাতে পারে না। এই বক্তব্য আসলে দক্ষিণ এশিয়ার পরিবর্তিত শক্তির ভারসাম্যের প্রতীক। এটি শুধু একটি নদী প্রকল্পের প্রশ্ন নয়, এটি বাংলাদেশের ক্রমবর্ধমান, কৌশলগত আত্মবিশ্বাস বহুমুখী কূটনীতি এবং আঞ্চলিক বাস্তবতার প্রতিফলন। একইসঙ্গে একটি ভারতের জন্য একটি বার্তা যে, দক্ষিণ এশিয়ার

প্রভাব বজায় রাখতে হলে পুরোনো আধিপত্যবাদী মনোভাব থেকে বের হয়ে এসে বাস্তববাদী ও সমতার ভিত্তিতে সম্পর্ক গড়ে তুলতে হবে। (রেডিও তেহরান: ২০৩০ ঘ, ৩১.০৫.২০২৬ এলিনা, রুবাইয়া)

## তলাবিহীন ঝুড়ির বাংলাদেশকে অনন্য উচ্চতায় নিয়েছিলেন জিয়াউর রহমান

মহান স্বাধীনতার ঘোষক ও বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান তলাবিহীন ঝুড়ির বাংলাদেশকে অল্প সময়ে অনন্য উচ্চতায় নিয়েছিলেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার বিকেলে রাজধানীর ফার্মগেটের কেআইবি মিলনায়তনে জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ৩১.০৫.২০২৬ নারগীস)

# এনএইচকে

## ভারত-প্রশান্ত মহাসাগরীয় দেশগুলোর কাছে নিরাপত্তার দায়িত্ব ভাগ করে নেওয়ার দাবি যুক্তরাষ্ট্রের

মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, চীন যখন দ্রুত তার সামরিক সক্ষমতা বৃদ্ধি করছে , তখন ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে মার্কিন মিত্রদের নিরাপত্তা সংক্রান্ত দায়িত্ব আরও বাড়ানো উচিত। তিনি জাপানের প্রতিরক্ষা সক্ষমতা জোরদার করার প্রচেষ্টার প্রশংসা করেন। শনিবার সিঙ্গাপুরে একটি বৈশ্বি ক নিরাপত্তা সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে হেগসেথ বলেন, "বহুদিন ধরে এই অঞ্চলের নিরাপত্তা অসামঞ্জস্যপূর্ণভাবে মার্কিন সামরিক শক্তির ওপর নির্ভরশীল ছিল, অথচ আমাদের অনেক মিত্র ও অংশীদার তাদের নিজস্ব প্রতিরক্ষা সক্ষমতাকে দুর্বল হতে দিয়েছে। „ তিনি একে একে প্রতি টি দেশের সামরিক শক্তি বৃদ্ধির প্রচেষ্টার কথা উল্লেখ করেন। হেগসেথ বলেন , "জাপান তার প্রতিরক্ষা রূপান্তরকে ত্বরান্বিত ক রতে সুনির্দিষ্ট পদক্ষেপ নিচ্ছে। „ তিনি আরও বলেন , "আমরা এখনও চূড়ান্ত লক্ষ্যে পৌঁছাইনি এবং সামনে এখনও অনেক কঠিন কাজ বাকি আছে , কিন্তু কাজের গতি সঠিক দিকেই এগোচ্ছে। জাপানি মিত্রদের কাছ থেকে আমাদের উচ্চ প্রত্যাশা রয়েছে।„ হেগসেথ এও বলেন যে, যুক্তরাষ্ট্র তার মিত্র ও অংশীদারদের কাছে মোট দেশজ উৎপাদন বা জিডিপির ৩.৫ শতাংশ পর্যন্ত প্রতিরক্ষা ব্যয় বাড়ানোর দাবি জানাচ্ছে। তিনি বলেন, ওয়াশিংটন তার ভাষায় `আদর্শ মিত্রদের, সঙ্গে অস্ত্র বিক্রি ত্বরান্বিত করার পাশাপাশি গোয়েন্দা তথ্য আদান -প্রদান প্রসারিত করবে, আর যারা এতে অস্বীকৃতি জানাবে , তারা যুক্তরাষ্ট্রের কার্যপদ্ধতিতে একটি সুস্পষ্ট পরিবর্তন দেখতে পাবে। (এনএইচকে ওয়েব পেজ: ৩১.০৫.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## ফেসবুকে তারেক রহমানকে নিয়ে `কটূক্তি,: লক্ষ্মীপুরের শ্রমিক শক্তির নেতা কারাগারে

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে ফেসবুকে কটূক্তি ও মানহানিকর বক্তব্য প্রচারের অভিযোগে লক্ষ্মীপুরের রায়পুরে জাতীয় শ্রমিক শক্তির এক নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। তাকে আজ রোববার আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো।
কারাগারে পাঠানো ব্যক্তি জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) শ্রমিক অঙ্গসংগঠন শ্রমিক শক্তির কেন্দ্রীয় কমিটির সংগঠক বলে জানিয়েছে সংবাদমাধ্যমটি। পুলিশ ও মামলা সূত্রে তারা জানিয়েছে, প্রধানমন্ত্রী তারেক রহমান, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এবং পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানিকে নিয়ে ফেসবুকে কটূক্তি ও মানহানিকর বক্তব্য প্রচারের অভিযোগে দুপুরে রায়পুর থানায় মামলা করেন সোনাপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক রুহুল আমিন। সাইবার সুরক্ষা আইন ও দণ্ডবিধির বিভিন্ন ধারায় করা মামলায় আটজনকে আসামি করা হয়েছে। মামলার বাদী রুহুল আমিন বলেন, "প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী ও পানিসম্পদমন্ত্রীকে নিয়ে কুরুচিপূর্ণ বক্তব্য ফেসবুকে প্রচার করা হয়েছিল। এর কারণ জানতে চাইলে আমাদের ওপর হামলা করা হয়। এ ঘটনায় মামলা করেছি।„ এর আগে, শনিবার রাতে উপজেলার সোনাপুর গ্রামে নিজ বাড়ি থেকে শ্রমিক শক্তির ওই নেতাকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেন স্থানীয় লোকজন। এনসিপির লক্ষ্মীপুর জেলা কমিটির জ্যেষ্ঠ সদস্যসচিব আলমগীর হোসাইন দাবি করেন, বিএনপির নেতা-কর্মীরা আনোয়ারের বাড়িতে হামলা ও ভাঙচুর চালিয়েছেন। পরে তাকে মারধর করে পুলিশের কাছে সোপর্দ করা হয়। তবে এই অভিযোগ অস্বীকার করেছেন মামলার বাদি রুহুল আমিন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৫.২০২৬ রনি)

## মে মাসে বাংলাদেশে `মব হামলায়, নিহত অন্তত ৩২ : মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের প্রতিবেদন

চলতি মে মাসে বাংলাদেশে মব হামলায় অন্তত ৩২ জন নিহত হয়েছেন বলে জানিয়েছে মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) নামে একটি সংগঠন। এই সংখ্যা গত ছয় মাসের মধ্যে সর্বোচ্চ। এ ধরনের অন্তত ৬৯টি ঘটনায় আরও ৭১ জন গুরুতর আহত হয়েছেন বলেও জানিয়েছে মানবাধিকার সংগঠনটি। তাদের মাসিক প্রতিবেদন অনুযায়ী, এপ্রিলে মব সহিংসতায় ২১ জন নিহত এবং ৪৯ জন আহত হয়েছেন। এমএসএফের হিসাব অনুযায়ী, ফেব্রুয়ারিতে ১৮ জন, জানুয়ারিতে ২১ জন এবং ২০২৫ সালের ডিসেম্বরে ১০ জন মব হামলায় নিহত হন। প্রতিবেদনে

তারা বলেছে, "(এই পরিসংখ্যান) জনতার হাতে আইন তুলে নেওয়ার প্রবণতা বৃদ্ধির একটি স্পষ্ট প্রতিফলন।" ২০২৪ সালের আগস্টের গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর বাংলাদেশে মব সহিংসতা প্রকট আকার ধারণ করে। অন্তর্বর্তী সরকারের কাছে থেকে দায়িত্ব নেওয়ার পর নির্বাচিত বিএনপি সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ একাধিকবার মব হামলার বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা বলেছেন। কিন্তু দেশের বিভিন্ন স্থানে এ ধরনের হামলা এবং হত্যাকাণ্ড এখনও অব্যাহত রয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৫.২০২৬ রনি)

**পারমাণবিক অস্ত্র না রাখতে সম্মত ইরান, দাবি ট্রাম্পের**

পারমাণবিক অস্ত্র না রাখার বিষয়ে সম্মত হয়েছে ইরান, এমনটাই দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে এই বিষয়ে বিস্তারিত কিছু জানাননি তিনি। সংবাদমাধ্যম ফক্স নিউজকে তিনি জানিয়েছেন, "আমার শুধু এই নিশ্চয়তার দরকার ছিল যে, তাদের কোনো পারমাণবিক অস্ত্র থাকবে না। আগ্রহের বিষয় হলো তারা এতে রাজি হয়েছে।" খবর অনুযায়ী, ইরানের পারমাণবিক কর্মসূচিসহ অন্যান্য বিষয়ে নতুন করে আলোচনার পথ খুলে দিতে পারতো এমন একটি প্রাথমিক চুক্তিতে সই করা থেকে ট্রাম্প আপাতত বিরত থেকেছেন। প্রস্তাবিত চুক্তিতে সই করার আগে কিছু শর্ত তিনি আরো কঠোর করতে বলেছেন বলে বিভিন্ন গণমাধ্যম জানিয়েছে। বিশেষ করে ইরানের পারমাণবিক কর্মসূচি ও সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত নিয়ে কড়া শর্ত যোগ করতে চান তিনি, যাতে চুক্তিটি ২০১৫ সালের ওবামা-যুগের চুক্তির চেয়ে কঠোরভাবে উপস্থাপন করা যায়। সংশোধিত প্রস্তাবটি আবার ইরানের কাছে পাঠানো হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৫.২০২৬ রনি)

**যুক্তরাষ্ট্রের উপর আস্থা নেই, জানালো ইরান**

ইরানের প্রধান আলোচক ও ইরান পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের কালিবাফ আজ জানিয়েছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের ওপর তাদের কোনো আস্থা নেই। ইরানি জনগণের অধিকার নিশ্চিত না হলে যুদ্ধ শেষের কোনো চুক্তি মেনে নেওয়া হবে না বলেও উল্লেখ করেছেন তিনি। ইরানের সরকারি গণমাধ্যমে দেওয়া বক্তব্যে তিনি বলেন, শত্রুপক্ষের কথা ও প্রতিশ্রুতিতে কোনো ভরসা নেই, প্রতিশ্রুতি পালনের আগে বাস্তব ফল দেখতে চায় ইরান। তিনি আরও বলেন, জনগণের অধিকার পুরোপুরি নিশ্চিত না হওয়া পর্যন্ত কোনো চুক্তি অনুমোদন করা হবে না। এদিকে, মধ্যপ্রাচ্যের সংঘাত আনুষ্ঠানিকভাবে শেষ করা এবং হরমুজ প্রণালি পুনরায় চালুর লক্ষ্যে তেহরান ও ওয়াশিংটনের মধ্যে আলোচনা চলছে। ট্রাম্পের প্রধান উদ্দেশ্য হলো হরমুজে জাহাজ চলাচল পুনরায় চালু করা এবং ইরান যাতে কখনও পারমাণবিক অস্ত্র তৈরি করতে না পারে। অন্যদিকে, ইরান চায় আন্তর্জাতিক নিষেধাজ্ঞা তুলে নেওয়া হোক। সেই সঙ্গে বিদেশি ব্যাংকে জব্দ থাকা সম্পদ মুক্ত করা এবং সংঘাত নিরসনের চুক্তির আওতায় ইসরায়েলের লেবানন অভিযানকেও অন্তর্ভুক্ত করার দাবি তেহরানের। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৫.২০২৬ রনি)

## জাগো নিউজ

**কঠিন সময় মোকাবিলায় জিয়ার পথ অনুসরণের আহ্বান তারেক রহমানের**

`সামনে অত্যন্ত কঠিন সময় অপেক্ষা করছে, উল্লেখ করে `একটি সফল সরকার, পরিচালনায় নেতাকর্মী ও সমর্থকদের সর্বাত্মক সহযোগিতা চেয়েছেন বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে তিনি কঠিন সময় মোকাবিলায় শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের পথ অনুসরণেরও আহ্বান জানান। রোববার (৩১ মে) বিকেলে বিএনপির প্রতিষ্ঠাতা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় তিনি এ আহ্বান জানান। রাজধানীর ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে এ সভা হয়। তারেক রহমান বলেন, "আজকে সবার (নেতা-কর্মী-সমর্থক) উদ্দেশ্যে আমি বলবো, আমাদের সামনে প্রথমত অত্যন্ত কঠিন সময় অপেক্ষা করছে, আমাদের সামনে একইসঙ্গে অত্যন্ত একটি গুরুত্বপূর্ণ সময় অপেক্ষা করছে। এই কঠিন ও গুরুত্বপূর্ণ সময়ে হেসে-খেলে চললে খুব ক্ষতি হয়ে যাবে। `ক্ষতি কার হবে? ক্ষতি আপনার হয়ত হবে না, ক্ষতি হবে দেশের, ক্ষতি হবে আপনার ভবিষ্যৎ প্রজন্মের, অর্থাৎ আপনারই উত্তরাধিকারের। কাজেই আসুন, শহিদ জিয়া যেভাবে দেশকে গঠন করতে চেয়েছিলেন, শহিদ জিয়া যেভাবে দেশকে সামনে এগিয়ে নিতে চেয়েছিলেন, আমরা সে ধারাই চেষ্টা করি দেশকে পরিচালনা করতে।" (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

**জঙ্গল সলিমপুর থেকে এখনই কাউকে উচ্ছেদ করা হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার জঙ্গল সলিমপুর এলাকায় নতুন কারাগার স্থাপন করবে সরকার। তবে এখান থেকে এখনই কাউকে উচ্ছেদ করা হবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তবে আলীনগর-জঙ্গল সলিমপুর আর কোনো বিচ্ছিন্ন সন্ত্রাসীদের এলাকা ও অভয়ারণ্য থাকবে না বলেও হুঁশিয়ারি দিয়েছেন তিনি। রোববার (৩১ মে) দুপুরে ওই এলাকা পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে মন্ত্রী জানান, সরকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এবং অপরাধ দমনে কঠোর

অবস্থানে রয়েছে। বিশেষ করে চাঁদাবাজি ও মাদক ব্যবসার বিরুদ্ধে নিয়মিত অভিযান চালানো হবে। এই এরিয়াতেও সন্ত্রাসীদের আনাগোনা আছে বলে আমরা জানতে পেরেছি। সেখান থেকেও তাদেরকে উচ্ছেদ করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## মে মাসে নারী ও শিশু নির্যাতনের ঘটনা ৩২৬, ধর্ষণ ৭৮ : এমএসএফ

দেশে নারী ও শিশু নির্যাতনের ঘটনা চলতি বছরের মে মাসে আরও বেড়েছে বলে জানিয়েছে মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ)। সংস্থাটির প্রকাশিত জেন্ডারভিত্তিক সহিংসতা মনিটরিং প্রতিবেদনে দেখা গেছে, চলতি বছরের এপ্রিল থেকে মে- এই এক মাসের ব্যবধানে নারী ও শিশু নির্যাতনের মোট ঘটনা ৩১২ থেকে বেড়ে ৩২৬-এ পৌঁছেছে। বিশেষ করে ধর্ষণ, সংঘবদ্ধ ধর্ষণ, ধর্ষণের পর হত্যা, যৌন হয়রানি এবং আত্মহত্যার ঘটনায় বৃদ্ধি উদ্‌বেগজনক বলে মনে করছে তারা। রোববার (৩১ মে) প্রকাশিত ওই প্রতিবেদনে বলা হয়, এপ্রিলে ধর্ষণের ঘটনা ৫৪টি, মে মাসে তা বেড়ে ৭৮-এ দাঁড়িয়েছে, যা প্রায় ৪৪ শতাংশ বৃদ্ধি। একই সময়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনা ১৪ থেকে বেড়ে ১৬ এবং ধর্ষণের পর হত্যার ঘটনা ২ থেকে বেড়ে ৬-এ উন্নীত হয়েছে। যৌন হয়রানির ঘটনাও ১৭ থেকে বেড়ে ১৮ হয়েছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়, নারী ও শিশুদের বিরুদ্ধে যৌন সহিংসতার এই ঊর্ধ্বগতি সামাজিক নিরাপত্তা, বিচারহীনতা এবং আইন প্রয়োগের কার্যকারিতা নিয়ে নতুন করে প্রশ্ন তুলছে। এমএসএফের মতে, এসব ঘটনা সমাজে নারীদের ক্রমবর্ধমান ঝুঁকিপূর্ণ অবস্থানেরও ইঙ্গিত দেয়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## সাধারণ বিমায় ৭৫ শতাংশ দাবি বকেয়া, আটকে সাড়ে তিন হাজার কোটি টাকা

দেশের সাধারণ (নন-লাইফ) বিমা খাতে এক ধরনের নীরব সংকট ঘনীভূত হয়ে উঠেছে। দেশে ব্যবসা করা অধিকাংশ সাধারণ বিমা কোম্পানি গ্রাহকদের ঠিকমতো বিমা দাবির টাকা পরিশোধ করছে না। ৪৬টি সাধারণ বিমা কোম্পানিতে সাড়ে তিন হাজার কোটি টাকারও বেশি দাবি বকেয়া পড়েছে। এই বকেয়া দাবির হার ৭৫ শতাংশ। বিমা কোম্পানি দাবির টাকা পরিশোধ না করায় সৃষ্টি হয়েছে আস্থার সংকট। এরই মধ্যে একাধিক বহুজাতিক কোম্পানি বাংলাদেশে বিমা করা বন্ধ করে দিয়েছে। বিমা খাতের নিয়ন্ত্রক সংস্থার বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (আইডিআরএ) তথ্য অনুযায়ী, ২০২৫ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ৪৬টি সাধারণ বিমা কোম্পানিতে বিমা দাবি উত্থাপন হয় ৪ হাজার ৬৭৮ কোটি ৮৩ লাখ টাকার। এর মধ্যে কোম্পানিগুলো দাবি পরিশোধ করেছে ১ হাজার ১৬৯ কোটি ৫০ লাখ টাকা বা ২৫ শতাংশ। বিপরীতে ৩ হাজার ৫০৯ কোটি ৩৩ লাখ টাকা বা ৭৫ শতাংশ দাবি বকেয়া পড়ে রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## তিনদিনে ৩৬ হাজার টন বর্জ্য অপসারণ করেছে দক্ষিণ সিটি

পবিত্র ঈদুল আজহার তিনদিনে ৩৬ হাজার ৮৬ টন কোরবানির পশুর বর্জ্য অপসারণ করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। সংস্থাটি জানিয়েছে, ঈদুল আজহার পশুর হাট ও কোরবানির বর্জ্যের নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশি বর্জ্য অপসারণ করা হয়েছে। ঈদের দিন থেকে গতকাল শনিবার (৩০ মে) রাত ১২টা পর্যন্ত মাতুয়াইল ল্যান্ডফিলে মোট ৩৬ হাজার ৮৬ টন বর্জ্য চূড়ান্তভাবে ডাম্পিং করা হয়েছে, যেখানে প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ৩৩ হাজার ৯৪২ টন। রোববার (৩১ মে) নগর ভবনে অনুষ্ঠিত এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য তুলে ধরেন ডিএসসিসি প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম। তিনি জানান, ঈদের দিন ১৪ হাজার ৮১৪ টন, দ্বিতীয় দিন ৮ হাজার ৯৭৭ টন ও তৃতীয় দিন ১২ হাজার ২৯৫ টন বর্জ্য অপসারণ করা হয়েছে। এই বিশাল কর্মযজ্ঞ সফল করতে ডিএসসিসির নিজস্ব ও পিসিএসপিসহ মোট ১৩ হাজার ৪৫৩ জন কর্মী মাঠপর্যায়ে দিনরাত কাজ করেছেন। বর্জ্য পরিবহণে ৩৮২টি বিশেষ যান-যন্ত্রপাতিসহ মোট ২ হাজার ১১৭টি ছোট-বড়ো গাড়ি ব্যবহার করা হয়েছে। এছাড়া, ডিএসসিসি নির্ধারিত ৩৫৭টি স্থানে গত তিনদিনে মোট ১৭ হাজার ৩১৫টি পশু কোরবানি করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## নেত্রকোনায় বাসচাপায় মা-মেয়েসহ নিহত ৩

নেত্রকোনায় বাসচাপায় মা-মেয়েসহ অটোরিকশার তিন যাত্রী নিহত হয়েছেন। এ ঘটনায় আরও পাঁচজন আহত হয়েছেন। রোববার (৩১ মে) বেলা সাড়ে ১১টার দিকে নেত্রকোনা-ময়মনসিংহ সড়কের চল্লিশা বাইপাস মোড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- সদর উপজেলার আমলী কেশবপুর গ্রামের নূরজাহান (৪৫), তার মেয়ে স্মৃতি আক্তার (১৫) এবং অপর এক শিশু। আহতদের মধ্যে নূরজাহানের স্বামী আইনুল হকও রয়েছেন। পুলিশ ও প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা গেছে, ময়মনসিংহ থেকে নেত্রকোনাগামী মহুয়া পরিবহণের একটি বাস চল্লিশা বাইপাস মোড়ে পৌঁছালে একটি অটোরিকশাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তিনজন নিহত হন। এছাড়া আহতদের প্রথমে নেত্রকোনা আধুনিক সদর হাসপাতালে নেওয়া হয়। পরে তাদের অবস্থার অবনতি হলে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। নেত্রকোনার অতিরিক্ত পুলিশ সুপার হাফিজুল ইসলাম দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে জানান, দুর্ঘটনার পর স্থানীয় লোকজন সড়ক অবরোধ করেন। প্রায় দুই ঘণ্টা অবরোধের পর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল্লাহ

আল বাকিউল বারী ঘটনাস্থলে গিয়ে সেখানে স্পিডব্রেকার ও গোলচত্বর নির্মাণের আশ্বাস দেন। এরপর স্থানীয়রা অবরোধ তুলে নিলে সড়কে যান চলাচল স্বাভাবিক হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## দর্শনা সীমান্তে অনুপ্রবেশের অভিযোগে আটক ১০

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ত দিয়ে অবৈধভাবে অনুপ্রবেশের অভিযোগে নারী ও শিশুসহ ১০ জনকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। রোববার (৩১ মে) সকাল সাড়ে ৯টায় বিষয়টি নিশ্চিত করেন চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান। এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ভোর ৫টার দিকে সীমান্ত এলাকায় দায়িত্ব পালনকালে বাংলাদেশ ভূখণ্ডের অভ্যন্তরে অবৈধভাবে প্রবেশের সময় বিজিবির বারাদি ক্যাম্পের সদস্যরা তাদের আটক করেন। আটক ব্যক্তিদের মধ্যে ২ জন পুরুষ, ৩ জন নারী ও ৫ জন শিশু রয়েছে। চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান জানান, আটক ব্যক্তিদের পরিচয় যাচাই করা হচ্ছে এবং তাদের জিজ্ঞাসাবাদ অব্যাহত রয়েছে। প্রাথমিক আইনগত কার্যক্রম শেষে তাদের দর্শনা থানায় সোপর্দ করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## আদ-দ্বীন হাসপাতালে ভ্রাম্যমাণ আদালতের অভিযান, ৩ লাখ টাকা জরিমানা

ঢাকার মগবাজারের আদ -দ্বীন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং বেইলি রোডের মনোয়ারা হাসপাতালে যৌথ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছে ঢাকা দক্ষিণ সি টি করপোরেশন (ডিএসসিসি)। ডিএসসিসির নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আমিনুল ইসলামের নেতৃত্বে রোববার (৩১ মে) বিকেলে এ অভিযান চালানো হয়। অভিযানকালে মগবাজারের আদ-দ্বীন মেডিকেল কলেজ ও হাসপাতালের ক্যানটিনের ফ্রিজে লেবেলবিহীন ও জমাটবদ্ধ বাসি মিষ্টি রাখা , রান্নাঘরের অস্বাস্থ্যকর পরিবেশ , বিভিন্ন ওয়ার্ডে পর্যাপ্ত আলো -বাতাসের অভাব এবং হাসপাতালের রেফ্রিজারেটরে তাপমাত্রা পরিমাপক যন্ত্র না থাকাসহ বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হয়। এসব অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা -অধিকার সংরক্ষণ আইনে ১ লাখ টাকা এবং নিরাপদ খাদ্য আইনে ২ লাখ টাকাসহ মোট ৩ লাখ টাকা জরিমানা করা হয় এবং তা তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়। জরিমানার পাশাপাশি হাসপাতালের সামগ্রিক পরিবেশের উন্নয়ন , পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা রাখা, রেফ্রিজারেটরে তাপমাত্রা পরিমাপক যন্ত্র স্থাপন, ক্যানটিনের মানোন্নয়ন এবং বেকারি স্থানান্তরের বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষকে কঠোরভাবে সতর্ক করার পাশাপাশি প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## ঈদের ছুটি শেষে সোমবার খুলছে অফিস-আদালত-ব্যাংক

পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে টানা ৭ দিনের ছুটি শেষে সোমবার (১ জুন) খুলছে সরকারি-বেসরকারি সব অফি স, ব্যাংক, বিমা ও পুঁজিবাজার। এ বছর ঈদুল আজহা উপলক্ষ্যে ২৫ থেকে ৩১ মে পর্যন্ত সরকারি ছুটি ঘোষণা করা হয়। দীর্ঘ ছুটি শেষে আগামীকাল থেকে লাখো কর্মজীবী মানুষ নিজ নিজ কর্মস্থলে যোগ দেবেন। ইতোমধ্যে ঈদের ছুটি শেষে রাজধানীমুখী মানুষের সংখ্যা বেড়েছে। দেশের বিভিন্ন এলাকা থেকে সড়ক , রেল ও নৌপথে ঢাকায় ফিরছেন কর্মজীবী মানুষ। ফলে রাজধানীর বিভিন্ন সড়কেও যানবাহনের চাপ বাড়ছে। ঈদের পর প্রথম কর্মদিবসে অফিস পাড়ায় কর্মচাঞ্চল্য তুলনামূলক কম থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। এদিন অনেকেই কর্মঘণ্টার একটা বড়ো অংশ সহকর্মীদের সঙ্গে শুভেচ্ছা ও কুশলবিনিময় করে কাটাবেন। গত ২৮ মে দেশে মুসলমানদের ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল আজহা বা কোরবানির ঈদ উদ্‌যাপিত হয়। ঈদুল আজহা উপলক্ষ্যে আগে থেকেই ৬ দিন ছুটি নির্ধারণ করে রেখেছিল সরকার। ঈদযাত্রা নির্বিঘ্ন করতে নির্বাহী আদেশে আরও একদিন ছুটি বাড়িয়ে সরকারি চাকরিজীবীদের জন্য টানা সাত দিনের ছুটি ঘোষণা করা হয়। সরকারি চাকরিজীবীদের পাশাপাশি ব্যাংক, বিমা ও অন্যান্য বেসরকারি চাকরিজীবীরা এই ছুটি ভোগ করেন। তবে , ঈদের ছুটির আগে ২৩ মে (শনিবার) সাপ্তাহিক ছুটির দিনে অফিস করেছেন চাকরিজীবীরা। ছুটির তালিকা অনুযায়ী, ২৮ মে ঈদুল আজহার দিন সাধারণ ছুটি। ঈদুল আজহার আগে ২৬ ও ২৭ মে দু-দিন এবং পরে ২৯ থেকে ৩১ মে পর্যন্ত তিনদিনসহ মোট পাঁচদিন নির্বাহী আদেশে ছুটি ভোগ করেন চাকরিজীবীরা।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## সন্ত্রাসীরা যাদেরই আশ্রয়ে থাকুক না কেন, তাদের আইনের আওতায় আনা হবে

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন , সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরের সন্ত্রাসীদের নির্মূল করা হবে। বাসিন্দাদের কাউকে উচ্ছেদ করা হবে না। সন্ত্রাসীরা যাদেরই আশ্রয়ে থাকুক না কেন, তাদের চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে বলেও উল্লেখ করেন তিনি। রোববার (৩১ মে) দুপুর দেড়টায় চট্টগ্রাম সার্কিট হাউজে চট্টগ্রামের সংসদ সদস্য , মেয়র, প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। এর আগে , তিনি সকালে জঙ্গল সলিমপুর এলাকা পরিদর্শন করেন। মন্ত্রী বলেন , রাষ্ট্রীয় বাহিনীকে যারা চ্যালেঞ্জ করার মতো দুঃসাহস দেখিয়েছে, তাদের আশ্রয়স্থল কোথায় আমরা দেখতে চাই। তাদের সর্বশেষ আস্তানাও আমরা নির্মূল করব। দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে কার্যকরভাবে এবং জনপ্রত্যাশা অনুযায়ী। সন্ত্রাসীদের অভয়ারণ্য যেখানেই

থাকুক না কেন , তা নির্মূল করতে হবে। তিনি বলেন , সাম্প্রতিক অভিযানে পুলিশ , বিজিবি, র্যাব, সামরিক বাহিনী ও হেলিকপ্টারসহ রাষ্ট্রের বিভিন্ন সংস্থা সমন্বিতভাবে অংশ নিয়েছে। প্রায় চার হাজার সদস্যের যৌথবাহিনী এখানে কাজ করেছে। আমাদের প্রথম লক্ষ্য এলাকায় শান্তি প্রতিষ্ঠা ও আইন -শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা। সন্ত্রাসীরা যাদেরই আশ্রয়ে থাকুক না কেন, তাদের চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## দেশে হামের উপসর্গে আরও দুইজনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হাম রোগে আক্রান্ত হয়ে দুইজন মারা গেছেন। তবে এসময়ে নিশ্চিত হাম রোগে কারও মৃত্যু তথ্য নেই। এ নিয়ে গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হাম ও হামের উপসর্গ নিয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৮৫ জনে। রোববার (৩১ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম প্রকাশিত এক প্রতি বেদনে এ তথ্য জানানো হয়। গতকাল শনিবার সকাল ৮টা থেকে আজ রোববার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতির বিষয়ে প্রতিবেদনে জানানো হয় , এ সময়ে নিশ্চিত হামে কেউ মারা না গেলেও, হামের উপসর্গ নিয়ে দুইজন মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী , গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৯০ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৪৯৫ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর প্রেস উইংয়ের সংবাদ সম্মেলনের সময় পরিবর্তন

পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়ো জিত সংবাদ সম্মেলনের সময় পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত সময় অনুযায়ী , আগামীকাল সোমবার (১ জুন) বিকেল ৩টায় এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। এর আগে, সোমবার দুপুর ১২টায় ওই সংবাদ সম্মেলন করার কথা জানানো হয়েছিল। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে রোববার (৩১ মে) পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, জনগণের ভোটে নির্বাচিত সরকারের দায়িত্ব গ্রহণের পর প্রথম ঈদুল আজহা উদ্‌যাপন উপলক্ষ্যে প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনায় এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। এতে ঈদ উপলক্ষ্যে সরকারের গৃহীত বিভিন্ন গণমুখী উদ্যোগ ও জনসম্পৃক্ত কর্মসূচি তুলে ধরা হবে। বিজ্ঞপ্তিতে বলা হয় , পূর্বঘোষিত সময়সূচির পরিবর্তে আগামীকাল সোমবার বিকেল ৩টায় প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ের ‘করবী, হলে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। সংবাদ সম্মেলনে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মা হদী আমিন, অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এবং প্রধানমন্ত্রীর প্রেস উইংয়ের সদস্যরা।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## ওয়াগন লাইনচ্যুত; তিন ঘণ্টা পর ঢাকার সঙ্গে রেল যোগাযোগ স্বাভাবিক

রাজধানীর তেজগাঁও এলাকায় একটি মালবাহী ট্রেনের ওয়াগন লাইনচ্যুতের ঘটনায় ঢাকার সঙ্গে সারা দেশের রেল যোগাযোগ প্রায় তিন ঘণ্টার বেশি সময় বন্ধ থাকার পর ফের স্বাভাবিক হয়েছে। রোববার (৩১ মে) রাতে ঢাকা রেলওয়ে স্টেশন মাস্টার আনোয়ার হোসেন বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। তিনি বলেন , বিকেল ৩টায় তেজগাঁওয়ে একটি মালবাহী ট্রেনের ওয়াগন লা ইনচ্যুত হয়। বিকেল ৬টা ১০ মিনিটের দিকে উদ্ধারকাজ শেষ হয়েছে। এরপর থেকে ট্রেন চলাচল স্বাভাবিক। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## অভিবাসী ভিসা নিয়ে সুখবর দিলো মার্কিন দূতাবাস

অভিবাসী ভিসা আবেদন প্রক্রিয়া দুই কর্মদিবসের মধ্যে বাস্তবায়ন করার কথা জানিয়েছে ঢাকা র মার্কিন দূতাবাস। রোববার (৩১ মে) ঢাকার মার্কিন দূতাবাস এক বার্তায় এ তথ্য জানায়। দূতাবাস জানায় , সোমবার (১ জুন) থেকে ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাস সব ধরনের অভিবাসী ভিসা ক্যাটাগরির আবেদন দুই কর্মদিবসের মধ্যে প্রক্রিয়াকরণ করবে। আবেদনকারীদের বিস্তারিত তথ্য জানতে দূতাবাসের ‘ডাইরেক্টরি অব ভিসা ক্যাটাগরিস , (Directory of Visa Categories)-এ গিয়ে ‘ইমিগ্র্যান্ট ভিসা ক্যাটাগরিস , (Immigrant Visa Categories) অংশটি যাচাই করতে অনুরোধ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## শহিদ জিয়া ছিলেন জনকল্যাণমুখী রাজনীতির রূপকার : আমিনুল হক

শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ অনুসরণ করে আমাদের সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে কাজ করতে হবে বলে মন্তব্য করেছেন ঢাকা মহানগর উত্তর বিএনপির আহ্বায়ক ও যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক। তিনি বলেছেন, জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের উন্নয়ন ও জ নকল্যাণমুখী রাজনীতির রূপকার। কৃষি , শিল্প, শিক্ষা, কর্মসংস্থান ও গ্রামীণ উন্নয়নের মাধ্যমে তিনি যে স্বপ্নের বাংলাদেশের ভিত্তি গড়ে দিয়েছিলেন , তা আজও আমাদের অনুপ্রেরণা জোগায়। বিএনপির প্রতিষ্ঠাতা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের (বীরউত্তম) ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে রাজধানীর রূপনগরে দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে উপহার সামগ্রী বিতরণ করা হয়। রোববার (৩১ মে)

দুপুরে পল্লবীর চলন্তিকা মোড়ে রূপনগর থানা বিএনপি ও এর অঙ্গ -সহযোগী সংগঠনের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে আমিনুল হক এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## গুপ্ত-চাঁদাবাজরা জামায়াতে আশ্রয় নিয়েছে: রিজভী

অনেক গুপ্ত-চাঁদাবাজ জামায়াতে ইসলামীতে আশ্রয় নিয়েছে বলে অভিযোগ করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী। রোববার (৩১ মে) দুপুরে জাতীয় প্রেসক্লাবে আলোচনা সভায় এমন অ ভিযোগ করেন বিএনপির এই জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব। তিনি বলেন, "উনারা (জামায়াতে ইসলামী) বড়ো বড়ো কথা বলছেন, টেলিফোনে চাঁদাবাজি হয়েছে, তো নিজেদের দিকে একবার তাকান। মিরসরাইয়ে ফেনী নদীর বালু তুলতে গিয়ে ধরা পড়েছিলেন জামায়াতের দুই নেতা। একজনের নাম জাহাঙ্গীর আরেকজনের না ম রবিউল। ফেনীতে মামলা থেকে অব্যাহতি দেবে বলে এক নেতা সে আবার রোকন তাদের কাছ থেকে চাঁদা নিয়েছে , সেটাও পত্র-পত্রিকায় এসেছে। আমি তো একটা কী -দুইটা উদাহরণ দিলাম। তাহলে তো জামায়াত প্রশ্রয় দেয়। „ রিজভী বলেন, "ধর্মের নামে রাজনীতি করেন , সব নাকি পবিত্র মানুষ। এখানে তারা গুপ্ত রাজনীতি করেছে ছাত্রলীগের মধ্যে আওয়ামী লীগের মধ্যে থেকে। অনেক গুপ্ত -চাঁদাবাজও জামাতের মধ্যে আশ্রয় নিয়ে আছে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## শিক্ষার্থীদের গড়ে তুলতে শিক্ষকদের দায়িত্বশীল হওয়ার তাগিদ মন্ত্রীর

শিক্ষার্থীদের গড়ে তুলতে শিক্ষকদের দায়িত্বশীল হওয়ার তাগিদ দিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, শিক্ষার্থীদের পাঠদানের পাশাপাশি তাদের নৈতিক , মানবিক ও মূল্যবোধের দিকেও নজর দিতে হবে। শিক্ষকরা যদি শ্রেণিকক্ষে নিজেদের সন্তানের মতো করে প্রত্যেক শিক্ষার্থীর প্রতি যত্নশীল হন এবং তাদের সঠিকভাবে গড়ে তোলার দায়িত্ব পালন করেন , তাহলে কোনো শিক্ষার্থী পরীক্ষায় অনুত্তীর্ণ হবে না। শনিবার (৩০ মে) চাঁদপুরে `শিক্ষার মান ও উন্নয়ন, শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। কচুয়া উপজেলার খাজুরিয়া লক্ষ্মীপুর পীর ছোবহানিয়া উচ্চবিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের উদ্যোগে এ সভা হয়। এহছানুল হক মিলন বলেন , প্রত্যেক শিক্ষার্থীর পেছনে সরকার বিপুল পরিমাণ অর্থ ব্যয় করছে। একইসঙ্গে অভিভাবকরাও তাদের সন্তানদের লেখাপড়ার জন্য অনেক ত্যাগ স্বীকার করেন। তাই কোনো শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হলে তা শুধু শিক্ষার্থী ও পরিবারের জন্যই নয় , বরং জাতির জন্যও দুঃখজনক। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

## রামিসা হত্যা মামলায় অভিযোগ গঠনের শুনানি সোমবার

রাজধানীর পল্লবীতে সাত বছরের শিশু রামিসাকে ধর্ষণের পর গলা কেটে হত্যার ঘটনায় করা মামলা য় দুই আসামির বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি আগামীকাল সোমবার (১ জুন) অনুষ্ঠিত হবে। এদিন অভিযোগ গঠনের মাধ্যমে মামলাটির আনুষ্ঠানিক বিচার কার্যক্রম শুরু হওয়ার বিষয়ে সিদ্ধান্ত দেবেন আদালত। ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীনের আদালত গত ২৪ মে অভিযোগপত্র আমলে নিয়ে এ শুনানির দিন ধার্য করেছিলেন। এর আগে , একইদিনে মামলার তদন্ত কর্মকর্তা পল্লবী থানার উপ -পরিদর্শক (এসআই) অহিদুজ্জামান ভুঁইয়া নিপুণ প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারকে অভিযুক্ত করে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে অভিযোগপত্র দাখিল করেন। পরে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আশরাফুল হকের আদালত চার্জশিট গ্রহণ করে মামলাটি বিচারের জন্য ঢাকা মহানগর শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে পাঠানোর নির্দেশ দেন। আদালত সূত্রে জানা গেছে , মামলায় সোহেল রানার বিরুদ্ধে ধর্ষণ ও হত্যার এবং তার স্ত্রী স্বপ্না আক্তারের বিরুদ্ধে অপরাধে সহযোগিতার অভিযোগ আনা হয়েছে। তদন্তে ডিএনএ রিপোর্ট , ময়নাতদন্ত প্রতিবেদন ও অন্যান্য ফরেনসিক আলামতের ভিত্তিতে অভিযোগপত্র প্রস্তুত করা হয়। গত ১৯ মে পল্লবীর একটি বাসা থেকে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী রামিসার মরদেহ উদ্ধার করে পুলিশ। পরে বাথরুম থেকে তার বিচ্ছিন্ন মাথা উদ্ধার করা হয়। এ ঘটনায় পরদিন নিহত শিশুর বাবা আব্দুল হান্নান মোল্লা পল্লবী থানায় মামলা দায়ের করেন। ঘটনার পর প্রথমে স্বপ্না আক্তারকে আটক করা হয়। পরে নারায়ণগঞ্জের ফতুল্লা এলাকা থেকে সোহেল রানাকে গ্রেফতার করে পুলিশ। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## সামনে কঠিন সময়, হেসে-খেলে চললে দেশের অনেক ক্ষতি হবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন , বর্তমান সরকার দেশে একটি বিধ্বংস্ত অবস্থায় দায়িত্ব নিয়েছে। দেশের সামনে কঠিন ও গুরুত্বপূর্ণ সময় অপেক্ষা করছে , এ সময়টা হেসেখেলে চললে দেশের অনেক ক্ষতি হবে। জিয়াউর রহমান যেভাবে দেশ গঠন করতে চেয়েছিলেন , বর্তমান সরকার সেভাবেই চলার চেষ্টা করছে। মানুষ তাদের কাছেই প্রত্যাশা করে , যাদের কাছে কিছু পেতে পারে। রবিবার ঢাকার কৃষিবিদ ইনস্টিটিউটে সাবে ক রাষ্ট্রপতি

জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে বিএনপি আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, জিয়াউর রহমান কঠোর পরিশ্রমের মাধ্যমে বাংলাদেশকে এমন স্থানে নিয়ে গিয়েছেন , তাতে মানুষ জিয়া ও বাংলাদেশকে এক রকম মনে করতো। কঠোর পরিশ্রম , সততার মাধ্যমে দেশে অনেক পরিবর্তন এনেছিলেন তিনি। জিয়াউর রহমানের সেই পথ অনুসরণ করতে হবে। দেশে সামাজিক , ধর্মীয় ও পারিবারিক মূল্যবোধের ঘাটতি দেখা যাচ্ছে উল্লেখ করে তারেক রহমান বলেন , বিষয়গুলো কীভাবে শিশুদের মাঝে তৈরি করা যায় , তা নিয়ে তথ্য ও শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশনা দেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## জিয়াউর রহমান এবং বাংলাদেশকে কোনোভাবেই আলাদা করা সম্ভব নয়: মির্জা ফখরুল

মহান স্বাধীনতার ঘোষক ও শ হিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং বাংলাদেশকে কোনোভাবেই আলাদা করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন বিএনপি র মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন , জিয়াউর রহমানের স্বাধীনতার ঘোষণার মধ্যদিয়েই মুক্তিযুদ্ধের সূচনা হয়েছিল। বর্তমান রাজনীতিতে অনেকেই রাষ্ট্র সংস্কারের জোরালো কথা বললেও , মূলত বাংলাদেশে বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা ও প্রাতিষ্ঠা নিক বড়ো বড়ো সংস্কারের জন্ম দিয়েছে বিএনপিই। আজ রবিবার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে সাবেক রাষ্ট্রপতি শ হিদ জিয়াউর রহমান-এর ৪৫তম শাহাদাতবার্ষিকী উপ লক্ষ্যে আয়োজিত এক আলোচনা সভায় মির্জা ফখরুল এসব কথা বলেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## রাষ্ট্রকে চ্যালেঞ্জ করার দুঃসাহস দেখালে তাদের পুরোপুরি নির্মূল করা হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, চট্টগ্রামের জঙ্গল সলিমপুরসহ আশপাশের পাহা ড়ি এলাকায় শান্তি প্রতিষ্ঠা ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে যে-কোনো ধরনের সন্ত্রাসী আস্তানা উপড়ে ফেলা হবে। রাষ্ট্রকে চ্যালেঞ্জ করার মতো দুঃসাহস যে বা যারাই দেখাক না কেন , তাদের আস্তানা পুরোপুরি নির্মূল করা হবে। রোববার চট্টগ্রামের জঙ্গল সলিমপুর পরিদর্শন শেষে নগরের সার্কিট হাউজে আয়োজিত এক উচ্চপর্যায়ের সমন্বয় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সভায় পার্বত্য বিষয়ক ও ভূমি প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দীন, সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন, চট্টগ্রামের সব সংসদ সদস্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মঞ্জুর মোরশেদ চৌধুরী, পুলিশ মহাপরিদর্শক আলী ফকির হোসেন বিজিবি , র্যা ব, সামরিক ও বেসামরিক প্রশাসনের শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। জঙ্গল সলিমপুরের সার্বিক পরিস্থিতি এবং আইন -শৃঙ্খলা নিয়ে আয়োজিত এই বৈঠককে চট্টগ্রামের ইতিহাসে অন্যতম `হাই-লেভেল মিটিং, বলে উল্লেখ করেন স্বরাষ্ট্রমন্ত্রী। জনপ্রত্যাশা অনুযায়ী দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করার প্রত্যয় ব্যক্ত করে মন্ত্রী বলেন, সন্ত্রাসীদের অভয়ারণ্য যেখানেই থাকুক, তা নির্মূল করতে হবে। সন্ত্রাসীরা যে দুঃসাহস দেখিয়েছে , আমরা রাষ্ট্রীয় বাহিনী দিয়ে তা যথাযথভাবে অ্যাড্রে স করবো। তাদের আশ্রয়স্থল যেখানেই হোক এবং যারাই তাদের প্রশ্রয় দিক না কেন , সবকিছু চিহ্নিত করে আইনি ব্যবস্থা নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ :৩১.০৫.২০২৬ আসাদ)

## বিরোধী দল থেকে নামের তালিকা পেলেই জুলাই সনদের পথ ধরে হাঁটব: আইনমন্ত্রী

আইনমন্ত্রী অ্যাডভোকেট মো . আসাদুজ্জামান বলেছেন, ”সংসদ অধিবেশনের শেষ সেশনের আগে আমরা বিরোধী দলকে বলেছিলাম, ১৭ সদস্যবিশিষ্ট একটা সংবিধান সংশোধন কমিটি করতে চাই। সেখানে আমাদের পক্ষ থেকে সাতজন রেখেছি। পাঁচজন স্বতন্ত্র প্রতিনিধি যারা রয়েছেন , তাদের মধ্য থেকে রেখেছি। আর পাঁচজন বিরোধী দলের কাছ থেকে চেয়েছি। তারা বলেছে , সামনের সেশনে জানাবে। আমরা অপেক্ষায় আছি , তাদেরটা পেলেই সংবিধান সংশোধনের জন্য জুলাই সনদের পথ ধরে হাঁটব। „ রবিবার সকালে ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদ মিলনায়তনে জেলা পরিষদের চেক বিতরণ অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। বাতিল হওয়া অন্তর্বর্তী সরকারের সময়ের অধ্যাদেশ সামনে উপস্থাপিত হবে কি না - এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, ”বাতিল নয়, এটা হলো আমরা উপস্থাপন করিনি। আগে আমরা বলেছি , আরো যাচাই-বাছাই করছি। এরই মধ্যে দুটি আইন নিয়ে আমরা ফার্স্ট কনসালটেশন করেছি। একটি হলো মানবাধিকার কমিশন আইন এবং আরেকটি গুম কমিশন আইন।„ তিনি আরো বলেন, ”আমাদের অনেক সুপারিশ এসেছে, সেগুলো যাচাই-বাছাই করে দেখছি। দ্রুত সময়ের মধ্যে সম্ভব হলে আমরা সেগুলোকে সামনের কাতারে নিয়ে আসব। „ রাজধানীর মিরপুরে শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় আদালত সর্বোচ্চ শা স্তি দেবেন বলে আশা প্রকাশ করে আইনমন্ত্রী বলেন , ”সরকারের হাতে যতটুকু সময় ও ক্ষমতা রয়েছে, তা প্রয়োগ করেছে। বলেছিলাম , এক সপ্তাহের মধ্যে চার্জশিট হবে। আলহামদুলিল্লাহ , এক সপ্তাহের মধ্যেই চার্জশিট দিতে পেরেছি। বাকিটা আদালতের কাজ , আদালতকে আমরা সহযোগিতা করব। „ তিনি বলেন, ”সোমবার আদালত খুলবে , প্রথম দিনেই এই মামলার গুরুত্ব বিবেচনা করে শুনানির জন্য রাখা হয়েছে। এটা আদালতের এখতিয়ার। আমরা শুধু আদালতের কাছে প্রার্থনা করতে পারি। „ আইনমন্ত্রী বলেন, ”বাকিটা আদালত যেটা ন্যায়বিচারের স্বার্থে মনে করবেন , সেটাই করবেন। তবে যে র কম সাক্ষ্য -প্রমাণ রয়েছে এবং আসামির

স্বীকারোক্তিমূলক জবানবন্দি রয়েছে , সে বিবেচনায় আদালত সর্বোচ্চ শাস্তির বিষয়টি বিবেচনায় নেবেন বলে মনে করি।„

(রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## দেশে হামের উপসর্গে আরও ২ শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ২ শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ১ হাজার ৩৭৭ শিশু। রোববার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ২ শিশুর মৃত্যু হলেও, নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এর ফলে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মোট ৪৯৫ শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মারা গেছে আরও ৯০ শিশু। সব মিলিয়ে হাম ও হামের উপসর্গজনিত কারণে এ পর্যন্ত ৫৮৫ শিশুর মৃত্যু হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## সিম ইস্যু নিয়ে বিটিআরসির নতুন সিদ্ধান্ত

এখন থেকে প্রবাসী , মৃত ব্যক্তি ও শারীরিক প্রতিবন্ধী - এই তিন ক্ষেত্রে বিশেষ পদ্ধতিতে সিম দেবে মোবাইল অপারেটররা। দেশের বাইরে গিয়ে মোবাইল সিম ব্যবহারে জটিলতা, বায়োমেট্রিক সমস্যায় সিম রি-ইস্যু এবং গ্রাহকের মৃত্যুর পর নম্বর হস্তান্তর - এ ধরনের তিনটি পরিস্থিতিতে দীর্ঘদিন ধরে ভোগান্তিতে পড়ছেন গ্রাহকরা। এসব সমস্যা সমাধানে এবার বিশেষ পদ্ধতিতে সিম ইস্যুর সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন বিটিআরসি। সম্প্রতি বিভিন্ন বাস্তব অভিজ্ঞতায় দেখা গেছে , বিদেশে অবস্থানরত অনেক গ্রাহক তাদের বাংলাদেশি সিম বন্ধ হয়ে যাওয়ায় ই-মেইল, হোয়াটসঅ্যাপসহ গুরুত্বপূর্ণ ডিজিটাল সেবায় প্রবেশাধিকার হারাচ্ছেন। অস্ট্রেলিয়ায় থাকা সুজন রহমানের ক্ষেত্রেও এমন একটি ঘটনা ঘটে, যেখানে বাংলাদেশি সিম অকেজো হয়ে যাওয়ায় তিনি জরুরি যোগাযোগ ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত কাজ সম্পন্ন করতে সমস্যায় পড়েন। পরে পরিবারের সদস্যদের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে সিম পুনরুদ্ধারের চেষ্টা করেন। বিটিআরসির তথ্যানুযায়ী , গত এক বছরে চার মুঠোফোন অপারেটরের এমন সব জটিলতার ৮৮টি অনুরোধ অনুমোদন করেছে তারা। এর মধ্যে সিম রিপ্লেসমেন্ট ৫১টি, নতুন সিম নিবন্ধন ৮টি, মালিকানা পরিবর্তন ২৯টি। বর্তমানে সাড়ে ১৮ কোটির বেশি সিম সংযোগধারীকে সেবা দিচ্ছে চার মোবাইল অপারেটর। মোবাইল অপারেটররা বলছে, নতুন সিদ্ধান্তে গ্রাহক ভোগান্তি কমবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## নবম পে-স্কেলে অতিরিক্ত সুবিধা পাবেন যারা

সরকারি কর্মকর্তা -কর্মচারীদের দীর্ঘদিনের প্রতীক্ষার অবসান ঘটিয়ে আগামী ১ জুলাই (২০২৬) থেকেই বহুল আলোচিত `নবম জাতীয় বেতন কাঠামো, বা নবম পে-স্কেল কার্যকর করার জোর প্রস্তুতি চালাচ্ছে সরকার। নতুন এই বৈপ্লবিক বেতন কাঠামোর আওতায় দেশের সব সরকারি কর্মকর্তা -কর্মচারীর পাশাপাশি স্বায়ত্তশাসিত ও আধা - স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মীরাও অন্তর্ভুক্ত হবেন। সরকারের মূল লক্ষ্য হলো বর্তমান লাগামহীন মূল্য স্ফীতির বাজারে বিশেষ করে নিম্ন আয়ের কর্মচারীদের আর্থিক অবস্থা র টেকসই উন্নয়ন করা এবং বিভিন্ন গ্রেডের মধ্যে বিদ্যমান দীর্ঘদিনের বৈষম্যমূলক ব্যবধান কমিয়ে আনা। সম্প্রতি নবম জাতীয় পে -স্কেল চূড়ান্ত করতে গঠিত সচিব কমিটির এক উচ্চপর্যায়ের বৈঠকে নতুন কাঠামো নিয়ে বিস্তারিত রোডম্যাপ আলোচনা করা হয়েছে , যেখানে উচ্চপদস্থ কর্মকর্তাদের তুলনায় নিম্নস্তরের কর্মচারীদের অতিরিক্ত সুবিধা দেওয়ার বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে। বিগত ২১ মে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনির নেতৃত্বে অনুষ্ঠিত পুনর্গঠিত উচ্চপর্যায়ের কমিটির বৈঠকে জাতীয় বেতন কমিশন , বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন এবং সশস্ত্র বাহিনী বেতন কমিটির দেওয়া সুনির্দিষ্ট সুপারিশগুলো গভীরভাবে পর্যালোচনা করা হয়। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, বৈঠকে তিনটি প্রধান প্রতিবেদনের মধ্যে ইতোমধ্যে দুটি নিয়ে বিস্তারিত আলোচনা শেষ হয়েছে, যেখানে বৈশ্বিক অর্থনৈতিক মন্দার মাঝে দেশের বাজেট সক্ষমতা ও নতুন ভাতা কাঠামোর বিষয়টি গুরুত্ব পেয়েছে। সরকারের পরিকল্পনা অনুযায়ী , অর্থ মন্ত্রণালয়ের আইনি ও প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্ন হতে আগামী আগস্ট বা সেপ্টেম্বর পর্যন্ত সময় লাগলেও নতুন বেতন কাঠামোর যাবতীয় আর্থিক সুবিধা ১ জুলাই থেকেই ব্যাক ডেটে কার্যকর ধরা হবে। অ র্থাৎ, পরবর্তীতে চূড়ান্ত গেজেট প্রকাশিত হলে চাকরিজীবীরা জুলাই মাস থেকেই বকেয়াসহ বর্ধিত বা এরিয়ার বেতন ও সুবিধা একসঙ্গে পাবেন। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## দেশে ফিরেছেন ৬,১৭৫ বাংলাদেশি হাজি

পবিত্র হজ পালন শেষে সৌদি আরব থেকে এখন পর্যন্ত ১৫টি ফিরতি ফ্লাইটের মাধ্যমে মোট ৬ হাজার ১৭৫ জন বাংলাদেশি হাজি দেশে ফিরেছেন। রোববার পর্যন্ত এ তথ্য পাওয়া গেছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এ বছর হজের আনুষ্ঠানিকতা শেষ হয় গত ২৬ জুন। সংশ্লিষ্ট এক কর্মকর্তা জানান, নির্ধারিত তিনটি বিমান সংস্থা হজের ফিরতি ফ্লাইট কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে বাংলাদেশ এয়ারলাইন্সের ৩টি, সাউদিয়া এয়ারলাইন্সের ৪টি এবং ফ্লাইনাস

এয়ারলাইন্সের ৮টি ফ্লাইটে করে হাজিগণ দেশে ফেরেন। হজ অফিস জানায় , ফেরত আসা হাজিদের মধ্যে ৪১৬ জন সরকারি এবং ৫ হাজার ৭৫৯ জন বেসরকারি ট্রাভেল এজেন্সির ব্যবস্থাপনায় দেশে এসে পৌঁছেছেন। হজ চলাকালে সৌদি আরবে এ পর্যন্ত ৩৭ জন বাংলাদেশি হজযাত্রী ইন্তেকাল করেছেন। তাদের মধ্যে ২৪ জন পুরুষ এবং ১৩ জন নারী রয়েছেন। এর মধ্যে ২৭ জন মক্কায় এবং ১০ জন মদিনায় মারা গেছেন। এ বছরের ১৮ এপ্রিল প্রথম ফ্লাইটের মাধ্যমে হজ কার্যক্রম শুরু হয় এবং শেষ হয় ২১ মে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## সাংবাদিকদের কাছে ক্ষমা চাইলো আদ্-দ্বীন হাসপাতাল কর্তৃপক্ষ

সাংবাদিকদের সঙ্গে অনাকাঙ্ক্ষিত ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেছে আদ্ -দ্বীন হাসপাতাল কর্তৃপক্ষ। রোববার এক বিবৃতিতে তারা দুঃখ প্রকাশ করে এবং ক্ষমা চায়। বি বৃতিতে বলা হয় , আদ্-দ্বীন হাসপাতালে গত ২৭ মে ৬ জন নবজাতক শিশুর দুর্ঘটনাজনিত কারণে মৃত্যু ঘটে। স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরসহ পুলিশ , র্যাব ও অন্যান্য কর্তৃপক্ষ হাসপাতাল পরিদর্শন করেন এবং সরকার একটি তদন্ত কমিটি গঠন করেন। বিভিন্ন কর্তৃপক্ষের হাস পাতালে অনাবরত আসা-যাওয়ার সাথে বিপুলসংখ্যক সাংবাদিকের চলাচলে হাসপাতালে কর্মরত সেবা প্রদানকারীগণ কয়েকদিন ধরে মানসিক চাপের মধ্যে সময় কাটাচ্ছেন। এতে করে হাসপাতালে ভর্তিকৃত ও হাসপাতালে বিভিন্ন সেবা গ্রহণ করতে আগত ব্যক্তিদেরও যথেষ্ট অসুবিধা হচ্ছে। এতে আরও বলা হয়, এমতাবস্থায় আজ ৩০ মে স্বাস্থ্যমন্ত্রী ঊর্ধ্বতন কর্মকর্তাসহ হাসপাতাল পরিদর্শন করেন। মন্ত্রী র হাসপাতাল ত্যাগের পর বিপুল সংখ্যক সাংবাদিক হাসপাতালে প্রবেশের চেষ্টা করেন। হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের স্বার্থে হাসপাতাল কর্তৃপক্ষ সাংবাদিকদের হাসপাতালে প্রবেশ নিবৃত্ত করার চেষ্টা করেন। হাসপাতালের কর্মীদের সাথে সাংবাদিকদের কথার একপর্যায়ে জনৈক সাংবাদিক হাসপাতালের পরিচ্ছন্ন কর্মীদের ঝাড়ুদার সম্বোধন করলে কর্মীরা অপমাণিত বোধ করে উত্তেজিত হয়ে পড়েন এবং সাংবাদিকদের হাসপাতাল পরিত্যাগে অনুরোধ করেন। উপস্থিত হাসপাতালের ঊর্ধ্বতন কর্তৃপক্ষ হাসপাতালের কর্মীদের নিবৃত্ত করার চেষ্টা করেন। বিবৃতিতে বলা হয় , আদ্-দ্বীন হাসপাতাল সব সময়ই গণমাধ্যম কর্মীদের সাথে সহযোগিতা করে থাকেন। তারপরেও ৩০ মে'র অনাকাঙ্ক্ষিত ঘটনার জন্য আদ্ -দ্বীন হাসপাতাল আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে এবং প্রত্যাশা ক রছে যে, গণমাধ্যমকর্মীরা হাসপাতাল কর্মীদের অনিচ্ছাকৃত ব্যবহারের জন্য মনে কষ্ট পেলে, সেটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## নেত্রকোনায় সড়ক দুর্ঘটনায় চারজন নিহত

নেত্রকোণায় বাস ও অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে মা -বাবা ও দুই কন্যা নিহত হয়েছেন। এ ঘটনায় অটোরিকশা চালক গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। রবিবার দুপুরে ময়মনসিংহ -নেত্রকোনা সড়কের চল্লিশা বাইপাস এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন সদর উপজেলার রৌহা ইউনিয়নের আমলী কেশবপুর গ্রামের আয়নাল হক, তার স্ত্রী নুরজাহান বেগম এবং তাদের দুই কন্যা সন্তান স্মৃতি ও ইতি। পুলিশ ও স্থানীয়রা জানায়, শহর থেকে চল্লিশাগামী একটি অটোরিকশার সঙ্গে ময়মনসিংহ থেকে ছেড়ে আসা `মহুয়া, পরিবহণের একটি বাসের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে অটোরিকশাটি দুমড়ে -মুচড়ে যায়। এতে ঘটনাস্থলে স্মৃতি আক্তার নিহত হন। গু রুতর আহত অবস্থায় তার মা নূরজাহান বেগম ও মেয়ে ইতি আক্তারকে উদ্ধার করে নেত্রকোনা সদর হাসপাতালে নেওয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়। দুর্ঘটনায় আহত আরও তিনজনকে স্থানীয়রা উদ্ধার করে একই হাসপাতালে ভর্তি করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## তামাকমুক্ত বাংলাদেশ গড়তে আমরা দৃঢ়প্রতিজ্ঞ : প্রধানমন্ত্রী

ধূমপান থেকে ভবিষ্যৎ প্রজন্মকে বাঁচাতে কড়া বার্তা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ রোববার `বিশ্ব তামাকমুক্ত দিবস ২০২৬, উপলক্ষ্যে নিজের ভেরিফাইড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি স্পষ্ট বার্তা দিয়েছেন, নাটক-সিনেমা, ওটিটি প্ল্যাটফর্ম কিংবা করপোরেট সামাজিক দায়বদ্ধতার আড়ালে তামাকের কোনো ধরনের ছদ্মবেশী প্রচারণা আর বরদাশত করা হবে না। এবারের প্রতিপাদ্য `প্রলোভনের মুখোশ উন্মোচন করি , তামাক ও নিকোটিনের আসক্তি প্রতিরোধ করি,-কে সামনে রেখে যুব সমাজকে সুরক্ষায় সরকার এবার পুরোপুরি `হার্ডলাইনে,।

**প্রধানমন্ত্রীর ফেসবুক স্ট্যাটাসের মূল বক্তব্য তুলে ধরা হলো:**

প্রধানমন্ত্রী জানান, বিড়ি, সিগারেট, ই-সিগারেট, জর্দা, গুলসহ যে-কোনো তামাকজাত পণ্য হৃদরোগ, স্ট্রোক, ক্যানসার ও ফুসফুসের দীর্ঘমেয়াদি রোগের অন্যতম প্রধান কারণ । বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশে মোট মৃত্যুর প্রায় ৭১ শতাংশই ঘটে অসংক্রামক রোগে , যার পেছনে মূল দায়ী তামাক। `টোব্যাকো এটলাস ২০২৫, অনুযায়ী দেশে প্রতি বছর তামাকজনিত রোগে ১ লাখ ৯৯ হাজারের বেশি মানুষ মারা যায়। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের গবেষণা অনুযায়ী , তামাকের কারণে স্বাস্থ্যব্যয় , পরিবেশগত ক্ষতি ও উৎপাদনশীলতা হ্রাসসহ দেশের অর্থনীতিতে বার্ষিক ক্ষতির পরিমাণ ৮৭ হাজার কোটি টাকারও বেশি। তামাক ও নিকোটিনের প্রলোভন থেকে তরুণ প্রজন্মকে বাঁচাতে তামাক নিয়ন্ত্রণ আইনকে আরও শক্তিশালী ও সংশোধন করা হয়েছে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন , এখন থেকে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া , ইন্টারনেট, সামাজিক যোগাযোগমাধ্যম,

অ্যাপস, ওটিটি প্ল্যাটফর্ম, নাটক-সিনেমাসহ সব মাধ্যমে তামাকজাত দ্রব্যের সকল প্রকার বিজ্ঞাপন ও প্রচারণা সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। এমনকি করপোরেট সামাজিক দায়বদ্ধতার আড়ালে তামাক কোম্পানির প্রচারণাও আর চালানো যাবে না। নতুন নিয়ম অনুযায়ী , শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লিনিক, খেলাধুলার স্থান ও শিশু পার্কের ১০০ মিটারের মধ্যে কোনো ধরনের তামাক বিক্রি করা যাবে না। এছাড়া , ১৮ বছরের নিচে তামাক ও নিকোটিন পণ্য বিক্রি সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। পাবলিক প্লেস ও গণপরিবহণে ধূমপান এবং ধোঁয়াবিহীন তামাক সেবন নিষিদ্ধ করার পাশাপাশি আইনের বিভিন্ন ধারা লঙ্ঘনের ক্ষেত্রে শাস্তি ও জরিমানার পরিমাণও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করা হয়েছে। প্রধানমন্ত্রী তার স্ট্যাটাসের শেষে বলেন , নতুন বিধিবিধানের কার্যকর বাস্তবায়ন এবং জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে তামাকের ব্যবহার নিয়ন্ত্রণ এখন সময়ের দাবি। জনগণের সম্মিলিত অংশগ্রহণ ও সরকারের সমন্বিত উদ্যোগে একটি সুস্থ, কর্মক্ষম ও তামাকমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে আমরা দৃঢ়প্রতিজ্ঞ। একই সাথে তিনি দিবসটি উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## রোহিঙ্গাদের জন্য ২০ লাখ ইউরো সহায়তা ফিনল্যান্ডের

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সহায়তায় ২০ লাখ ইউরো সহায়তা দিয়েছে ফিনল্যান্ড। ক্রমবর্ধমান মানবি ক চাহিদা ও তহবিল সংকটের মধ্যে জীবনরক্ষাকারী সহায়তা ও সুরক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে এ অর্থ সহায়তা দেওয়া হয়েছে। জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআর এক সংবাদ বিজ্ঞপ্তিতে আজ ঢাকায় এ তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এ অর্থায়নের মাধ্যমে গুরুত্বপূর্ণ তহবিল ঘাটতি মোকাবিলা করা সম্ভব হবে এবং একইসঙ্গে রোহিঙ্গাদের দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধির কর্মসূচিও পরিচালিত হবে। নিপীড়ন ও সহিংসতার শিকার হয়ে মিয়ানমার থেকে পালিয়ে আসার এক দশক পর, বর্তমানে প্রায় ১২ লাখ রোহিঙ্গা শরণার্থী বাংলাদেশে বসবাস করছে। জীবিকার সুযোগ সীমিত থাকায়, তাদের অধিকাংশ পরিবারই মানবিক সহায়তার ওপর নির্ভরশীল।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## বন্ধ থাকা ৮ বিমানবন্দর চালুর উদ্যোগ সরকারের

দীর্ঘদিন ধরে বন্ধ ও পরিত্যক্ত অবস্থায় থাকা দেশের আটটি বিমানবন্দর পর্যায়ক্রমে পুনরায় সচল করার উদ্যোগ নিয়েছে সরকার। এই পরিকল্পনায় সবচেয়ে বেশি অগ্রাধিকার পাচ্ছে বগুড়া ও ঠাকুরগাঁও বিমানবন্দর। এর মধ্যে বগুড়ায় একটি আন্তর্জাতিক মানের নতুন বিমানবন্দর নির্মাণের সিদ্ধান্ত ইতোমধ্যে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের বোর্ড সভায় অনুমোদন পেয়েছে। একইসঙ্গে ঠাকুরগাঁও বিমান বন্দর সচল করার প্রক্রিয়াও জোরদার করা হয়েছে। সম্প্রতি বেসামরিক বিমান পরিবহ ণ ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম রীতা জানান , জনচাহিদার কথা বিবেচনা করে স্থানীয় পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে এই পরিত্যক্ত বিমানবন্দরগুলো চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। দেশের স্বার্থ ও যাত্রীসেবার মানোন্নয়নে অগ্রাধিকার ভিত্তিতে ধাপে ধাপে এগুলোর কাজ শুরু হবে। এই উদ্যোগ বাস্তবায়ন হলে অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার উন্নতির পাশাপাশি অর্থনৈতিক কর্মকাণ্ড গতিশীল হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। বগুড়া ও ঠাকুরগাঁও ছাড়াও বেবিচকের পরিকল্পনা অনুযায়ী লালমনিরহা ট, ঈশ্বরদী, কুমিল্লা, শমশেরনগর, খানজাহান আলী (বাগেরহাট) ও পটুয়াখালী বিমানবন্দর ধাপে ধাপে চালু করা হবে। তবে তার আগে এগুলোর বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই করা হবে। এ বিষয়ে বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিক বলেন, অব্যবহৃত বিমানবন্দরগুলো পর্যায়ক্রমে চালুর একটি প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সরকারের সিদ্ধান্ত ও সম্ভাব্যতা বিবেচনা করে পরবর্তী কার্যক্রম এগিয়ে নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

## পদ্মা ও যমুনা সেতু থেকে গত ১০ দিনে প্রায় ৬৪ কোটি টাকা টোল আদায়

পদ্মা ও যমুনা সেতু পারাপারকারী যানবাহন থেকে গত ১০ দিনে প্রায় ৬৪ কোটি টাকা টোল আদায় করেছে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে আজ রোববার এ তথ্য জানানো হয়েছে। পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে ঈদে ঘরমুখো মানুষের নির্বিঘ্ন ও নিরাপদ যাত্রা নিশ্চিত করতে গৃহীত সুপরিকল্পিত প্রস্তুতি এবং সমন্বিত ব্যবস্থাপনার ফলে পদ্মা সেতুতে মোট টোল আদায় হয়েছে ৩৬ কোটি ১১ লাখ ৯৫ হাজার ৯০০ টাকা। ২১ থেকে ৩০ মে পর্যন্ত ১০ দিনে পারাপার হওয়া ৩ লাখ ১৮ হাজার ৫১৫টি যানবাহন থেকে এই টোল আদায় হয়েছে। একইভাবে যমুনা সেতুতে ২১ থেকে ৩০ মে পর্যন্ত ১০ দিনে ৩ লাখ ৬১ হাজার ৪৮২টি যানবাহন পারাপার হয়েছে এবং মোট টোল আদায় হয়েছে ২৭ কোটি ৬৮ লাখ ৫৪ হাজার ৯০০ টাকা। সেতু কর্তৃপক্ষের দেওয়া সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, পদ্মা ও যমুনা সেতুর কার্যকর ব্যবস্থাপনার ফলে ঈদুল আজহার ছুটিতে থাকা যাত্রীদে র জন্য সড়কপথে নিরাপদ, মসৃণ ও শান্তিপূর্ণ ভ্রমণ নিশ্চিত হয়েছে। সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মোহাম্মদ আবদুর রউফ এক বিবৃতিতে বলেন , প্রধানমন্ত্রী দেশের মানুষের ঈদযাত্রাকে নিরাপদ ও নির্বিঘ্ন করতে নিরলসভাবে কাজ করেন। এরই ধারাবাহি কতায় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মন্ত্রী এবং প্রতিমন্ত্রীও ঈদযাত্রায় সার্বক্ষণিক মনিটরিং করেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৫.২০২৬ আসাদ)

# BBC

**HUNDREDS ARRESTED AND DOZENS OF POLICE INJURED AFTER CHAMPIONS LEAGUE RIOTS IN FRANCE**

A total of 219 people have been injured in clashes between football fans and police across France after Paris Saint-Germain (PSG) won the Champions League final against Arsenal. Eight were in a serious condition, Interior Minister Laurent Nunez said. Thousands of officers were deployed to curb unrest that disrupted bus, train and rail services in the capital, Paris. Fifty-seven of them were injured. Nunez said 780 people had been arrested over the violence - with more than 450 in custody. A person was found dead after an accident on Paris's ring road, which rioters tried to block overnight. Some 6,000 police have been mobilized for Sunday's victory parade at the site of the Eiffel Tower.
(BBC News Web Page: 31/05/26, FARUK)

**JAPAN DEFENCE MINISTER DENIES MILITARISM AND CRITICIZES CHINA'S 'HUGE ARSENAL'**

Japan's defence minister has rebutted Beijing's claim that his country is engaging in a "new militarism" - criticizing China for its military expansion and lack of transparency. Speaking on the last day of a defence summit in Singapore, Shinjiro Koizumi argued it was actually China and its "huge arsenal" of weapons that was of "serious concern" to the International community. His remarks were some of the most pointed yet from Tokyo in response to China's repeated criticism of Japan's military build-up under Prime Minister Sanae Takaichi. The two countries have a long history of tensions stemming from Japan's invasion of China during World War Two. (BBC News Web Page: 31/05/26, FARUK)

**EBOLA SPREAD IN DR CONGO 'DEEPLY ALARMING': MSF WARNS**

The rapid spread of Ebola in the Democratic Republic of Congo has created a "deeply alarming" situation, the medical charity Medecins Sans Frontieres (MSF) has warned. Speaking two weeks on from the outbreak being declared by the World Health Organization (WHO), MSF deputy director Dr Alan Gonzalez said never before had "so many cases" been recorded so soon. His comments came as WHO head Dr Tedros Adhanom Ghebreyesus, visited the eastern Congolese province of Ituri - the worst-hit area - to oversee virus containment efforts. There are now more than 1,000 suspected Ebola cases in the DR Congo, and at least 246 deaths. Neighbouring Uganda has reported nine confirmed cases and one death. (BBC News Web Page: 31/05/26, FARUK)

**LAOS CAVE SURVIVORS HELP WITH PLAN TO FIND LAST TWO MISSING MEN**

Some of those freed from a flooded cave in Laos are helping in efforts to find the last two missing men trapped inside, rescuers have said. So far, five of the seven initially missing have been rescued but it is believed the remaining two men are trapped deeper inside the cave in the mountain area of central Xaysomboun province. The men, all local villagers, entered the narrow tunnels on 20 May in search of gold but flash floods stopped them from leaving. On Sunday, a rescuer told AFP that several survivors were giving advice from their hospital room on how to find the remaining men, including descriptions of the deeper part of the cave. (BBC News Web Page: 31/05/26, FARUK)

**COLOMBIA VOTES IN PRESIDENTIAL ELECTION THAT COULD REDEFINE RELATIONS WITH US**

Colombia is heading to the polls to choose a president. The election is being held after months of public recrimination between current left-wing President Gustavo Petro and his US counterpart Donald Trump over a number of issues including drug trafficking and American intervention in the region. Petro cannot seek re-election and has thrown his support behind Ivan Cepeda. Challenging him are right-wing candidates Abelardo de la Espriella and Paloma Valencia. The outcome of the election could redefine which countries the Latin American nation aligns itself with and how the government intends to tackle drug gangs amid spiralling violence. (BBC News Web Page: 31/05/26, FARUK)

**SOUTH AFRICA MADE TO LOOK LIKE FOOLS AFTER WORLD CUP VISA ISSUES: MINISTER**

South Africa's sports minister has demanded an explanation after the country's football team was delayed travelling to Mexico ahead of the World Cup due to visa issues. The South African Football Association (Safa) admitted the team had "experienced challenges

regarding Visas for some players and officials" but did not give further details. National broadcaster SABC described what happened as an "administrative bungle". In response, sports minister Gayton McKenzie said he had told Safa: "I need a report and action must be taken against those responsible for this mess." "We are being made to look like fools," he added on X. The team, nicknamed Bafana Bafana, are due to face Jamaica in a friendly in Mexico on Friday. (BBC News Web Page: 31/05/26, FARUK)

**ISRAEL SEIZES CASTLE IN LEBANON AS IT EXPANDS GROUND OFFENSIVE**

The Israeli military has increased the zone in southern Lebanon that it has warned residents to evacuate from, as it further expands its ground operations against Hezbollah. The Israel Defense Forces (IDF) reiterated its warning to everyone south of the Zahrani river to leave. "Anyone present near Hezbollah elements, facilities or means of combat endangers their life," a spokesman said. The warning came shortly after the army confirmed it had taken Beaufort Castle, a strategic point on a high ridge above the Litani river. Every day is bringing a new expansion in Israel's war against Hezbollah. The latest evacuation warning is the second time in recent days that Israel has told residents to leave the entire south of the country below the Zahrani river. (BBC News Web Page: 31/05/26, FARUK)

**NIGERIAN RETIRED GENERAL ABDUCTED WITH HIS WIFE IN THE NORTH-WEST**

A retired senior Nigerian military officer and his wife have been kidnapped by armed men in north-west Nigeria, the army has confirmed. Maj Gen Rabe Abubakar, who had a high-profile job as military spokesman between 2015 and 2017, was abducted from his car on Saturday while travelling in Katsina state. Efforts are now under way to rescue the couple and track down their captors, military spokesman Gen Michael Onoja told the BBC. The kidnapping highlights the continuing security challenges facing parts of north-west Nigeria, where criminal gangs known locally as "bandits" frequently carry out kidnappings for ransom, as well as cattle rustling and attacks on rural communities. Some militant jihadists have also operated in the region. An alleged militant camp in Sokoto state was the target of a US airstrike on 25 December last year. (BBC News Web Page: 31/05/26, FARUK)

**US, UK AND AUSTRALIA TO DEVELOP UNDERWATER DRONE TECHNOLOGY**

The US, UK and Australia say they will develop underwater drone technology to protect undersea cables and boost defence, under their military alliance known as Aukus. The uncrewed undersea vehicle (UUV) technology is expected to be ready by next year. While the project's total cost was not stated, UK Defence Secretary John Healey said his nation would contribute £150m. The announcement, made by the countries defence ministers at a security summit in Singapore, follows claims of slow progress in Aukus's projects. Acknowledging the criticism, Healey said "for too long in Aukus, we talked too much and delivered too little", adding "that has now changed under our three governments". The Aukus defence pact, which began in 2021, affirmed the three countries would develop nuclear submarines and share military expertise. (BBC News Web Page: 31/05/26, FARUK)

**ETHIOPIA IS HEADING TO THE POLLS, BUT NOT EVERYONE CAN VOTE**

Ethiopia’s general election takes place on Monday as conflict rages in parts of the country, meaning many people will not be able to vote. In fact, the whole northern region of Tigray, which has been trying to recover from a brutal civil war that ended in 2022, has been totally excluded from the poll. It is the seventh election since the downfall of the military regime in 1991 – an upheaval that led to Eritrea’s secession two years later – and it takes place as Ethiopia’s relations with its northern neighbour are once again dangerously fraught. The media is tightly regulated and many organizations, including the BBC, have not been given press accreditation. Prime Minister Abiy Ahmed – although he is not directly elected. Voters elect representatives to the 547-member parliament and the party that secures at least 274 seats earns the right to form the next government to lead the country for the next five years. (BBC News Web Page: 31/05/26, FARUK)

## :: THE END ::